কিন্তু বৈশেষিকগণ বলেন সমবায় অতীন্দ্রিয় (আমরা পূর্বেই দেখেছি)। তাছাড়া সমবায় আত্মা থেকে ভিন্ন অথচ অসমবেতভাবে পদার্থ যেমন মন বা কাল। মন আত্মা থেকে ভিন্ন, আর মন নিত্য দ্রব্য বলে অসমবেত (কিছুতে সমবেত নয়) ভাব পদার্থ। আর সেই মন যে অতীন্দ্রিয়তা নৈয়ায়িকগণও স্বীকার করেন। এরূপ সমবায় সমবেত নয়, কেননা তাহলে আর একটি অতিরিক্ত সমবায় সম্বন্ধে সে সমবেত হবে। আবার সেই সমবায়ও অপর এক সমবায় সম্বন্ধে সমবেত হবে। এভাবে অনবস্থা হয়ে যাবে। এজন্য সমবায়কে অতীন্দ্রিয় বলতে হবে।

নৈয়ায়িকরা আবার বৈশেষিকের এই মত খণ্ডন করে বলেন - সমবায় লৌকিক প্রত্যক্ষের বিষয়, যেহেতু সমবায়ের প্রতিযোগী যোগ্য (প্রত্যক্ষ যোগ্য), আর সমবায়টি বিশেষণতা সম্বন্ধে যোগ্য

বৃত্তি (প্রত্যক্ষ যোগ্য) অধিকরণে বৃত্তি যেমন ভূতলবৃত্তি ঘটাত্তাভাব ।

অবশ্য যেখানে প্রতিযোগী ও অনুযোগী যোগ্য (প্রত্যক্ষ যোগ্য) নয়, সেখানে নৈয়ায়িককে সমবায়ের অনুমান স্বীকার করতেই হবে ।

ভাট্টগণ বৈশেষিক প্রদত্ত অনুমানের বিরুদ্ধে আপত্তি করে বলেন - “বিশিষ্টবুদ্ধি: বিশেষ্য-বিশেষণ সম্বন্ধবিষয়া, বিশিষ্টবুদ্ধিহ্মাং, ‘দন্তী পুরুষ:’ ইতি বিশিষ্টবুদ্ধিবং” । অর্থাৎ বিশিষ্ট জ্ঞান (পক্ষ) বিশেষ্যবিশেষণসম্বন্ধবিষয়ক (সাধ্য), যেহেতু ঐ বিশিষ্টজ্ঞানে বিশিষ্টজ্ঞানহ্ম (হেতু) আছে । যেমন ‘দন্তী পুরুষ’ - এই বিশিষ্ট জ্ঞানটি পুরুষরূপ বিশেষ্য দণ্ডরূপ বিশেষণ ও সংযোগ রূপ সম্বন্ধ বিষয়ক । এভাবে ‘এই গরু গোত্র বিশিষ্ট’, ‘এই কপাল ঘট বিশিষ্ট’ ইত্যাদি জ্ঞানে সম্বন্ধটি পূর্বেক্তে অনুমান দ্বারা সিদ্ধ হলে - ঘট কপালাদি স্থলে সংযোগাদি সম্বন্ধের বোধ হওয়ার ইতর বোধ সহকারে পরামর্শবলে সমবায় সম্বন্ধেরও ঘনুর্মিতি হয় । এই অনুমানে ব্যাভিচার দোষ আছে । যথা ‘বিনষ্ট ঘট’ এই জ্ঞানটি বিশিষ্ট জ্ঞান । এই জ্ঞানে বিশেষণ হয়েছে বিনাশ বা ধ্বংস, কিন্তু বিশেষ্য নেই । কারণ ঘট যখন ধ্বংসই হয়ে গিয়েছে, তখন বিশেষ্য কোথায় ? অতএব সম্বন্ধ তো দূরের কথা ?

এর উত্তরে বৈশেষিকগণ যদি বলেন ‘বিনষ্ট’ শব্দে বিনশ্ ধাতুর অর্থ বিনাশ বা ধ্বংস । আর ‘জ’ প্রত্যয়ের অর্থ প্রতিযোগী । সুতরাং বিনষ্ট অর্থ বিনাশপ্রতিযোগী । সেই প্রতিযোগী হল ঘট । এস্থলে সেই প্রতিযোগীবিশিষ্ট কপাল বিশেষ্য, বিশেষণ হয়েছে বিনাশ, সম্বন্ধ হয়েছে প্রতিযোগিত্ব অথবা নিরূপকত্ব । অতএব উক্ত অনুমানে ব্যাভিচার দোষ নেই । উত্তরে ভাট্ট বলেন - ‘বিনষ্টো ঘট:’ এই বিশিষ্ট জ্ঞানটি কি প্রত্যক্ষাত্মক অথবা প্রত্যক্ষভিন্ন জ্ঞান ? জ্ঞানটি প্রত্যক্ষাত্মকহতে পারে না যেহেতু লৌকিক প্রত্যক্ষে ইন্দ্রিয় সন্নিকর্ষ আবশ্যিক । এখানে ঘট নষ্ট বলে ঘটের সঙ্গে চক্ষু :সন্নিকর্ষ সম্ভব নয় । অলৌকিক সন্নিকর্ষ ভাট্ট মানেন না । উত্তরে বৈশেষিকগণ বলেন ‘বিনষ্টো ঘট:’ এই জ্ঞানের স্থলে বিশেষণ বিশেষ্য ভাব সন্নিকর্ষ অর্থাৎ চক্ষু:সংযুক্ত হল কপাল সেই কপালে ঘটপ্রতিযোগিক বিনাশ বা ধ্বংসটি বিশেষণ হওয়ায় বিনাশ বা ধ্বংসে চক্ষু:সংযুক্তবিশেষণতা সম্বন্ধ আছে । উত্তরে ভাট্ট বলেন - যেখানে অন্য কোন সম্বন্ধ থাকে, সেখানে, বিশেষণ-বিশেষ্যভাব জ্ঞান হয় । যেমন ‘দন্তী পুরুষ’ - এস্থলে দণ্ড ও পুরুষের সংযোগ সম্বন্ধ আছে বলে দণ্ড ও পুরুষে বিশেষণ বিশেষ্যভাব বুদ্ধি হয় । কিন্তু অভাবের সঙ্গে অধিকরণের সংযোগাদি কোন সম্বন্ধ না থাকায় বিশেষণবিশেষ্যভাব সম্বন্ধ সিদ্ধ হতে পারে না । এই একই যুক্তিতে “এই কপালে ঘট” বা এই ‘গরুতে গোত্র’ ইত্যাদি জ্ঞানের ক্ষেত্রে ‘ঘট ও কপাল’ ‘গরু’ ও ‘গোত্র’ এই অযুতসিদ্ধ পদার্থদ্বয়ে সমবায়টি চক্ষু :সংযুক্তবিশেষণতা সম্বন্ধে প্রত্যক্ষ হয় - এই রূপে নৈয়ায়িকের মত ও খণ্ডিত হয়ে যায় । এই কারণে সমবায় পদার্থ স্বীকার না করে ভাট্টগণ তাদাত্ম্য সম্বন্ধ স্বীকার করেন ।

উত্তরে বৈশেষিকগণ বলেন -

“অভাববুদ্ধিঃ বিশিষ্টবিশিষ্ট্যমর্থাৎ নাতিশেতে”

অর্থাৎ অভাবের জ্ঞানটি বিশিষ্টের বৈশিষ্ট্য বিষয়ক হয়ে থাকে । যেমন - ‘ঘটাত্তাব’ এই জ্ঞানটি - ঘটত্ব বিশিষ্ট যে ঘট, তার প্রতিযোগিকত্ব বা প্রতিযোগিনিবৃপকত্বরূপ বৈশিষ্ট্য (সম্বন্ধ) কে বিষয় করে । সুতরাং ‘ঘটাত্তাববদুভূতল’ বা ‘বিনষ্ট ঘট’ এরূপ জ্ঞান ঘটত্ববিশিষ্ট - ঘটবিশিষ্ট-অভাব বিশিষ্ট ভূতল, বা ঘটত্ব বিশিষ্ট - ঘট বিশিষ্ট - ধ্বংস বিশিষ্ট ঘটকে বোঝায় বলে ঐ জ্ঞান যে বিশিষ্ট বিষয়ক, তাতে কোন সন্দেহ নেই । এর মধ্যে প্রথমোক্ত জ্ঞানটি প্রত্যক্ষাত্মক হলে সেখানে অভাবের সঙ্গে ভূতলের স্বরূপ

সম্বন্ধ থাকে বলে অভাবের সঙ্গে ভূতলের বিশেষণ বিশেষ্য ভাব সিদ্ধ হয়। দ্বিতীয়োক্ত জ্ঞানটিকে প্রত্যক্ষাত্মক বলে স্বীকার না করলেও বিনাশের সঙ্গে ঘটের প্রতিযোগিত্ব সম্বন্ধ থাকে বলে সেখানেও বিনাশ ও ঘটের বিশেষ্য বিশেষণ ভাব সিদ্ধ হয়। অতএব ‘বিনষ্ট ঘট’ এই জ্ঞানকে প্রত্যক্ষাতিরিক্ত জ্ঞান বলে স্বীকার করলে ভাট্টোক্ত দোষের প্রসক্তি হয় না।

উদয়নাচার্য<sup>৮</sup> সমবায় প্রসঙ্গে বলেন, সমবায়ের লক্ষণে ‘ইহ প্রত্যয়েহেতু :’ এই গ্রন্থের দ্বারা বৈশেষিকগণ সমবায় বিষয়ে অনুমান প্রমাণের সূচনা করেছেন। এ স্থলে অভিপ্রায় এই যে, ‘এই তন্ত্রগুণিতে পট আছে’ ইত্যাদি প্রতীতি আমাদের হয়ে থাকে এবং এরূপ প্রতীতি দ্বারা তন্ত্র ও পটের আধারাধেয়ভাব প্রকাশিত হয়। সম্বন্ধিভিন্ন আধারাধেয়ভাব প্রতীত হতে পারে না। অতএব উক্ত আধারাধেয়ভাব প্রতীতির নিয়ামক রূপে তন্ত্র ও পট এই দুইটির মধ্যে সম্বন্ধ বিশেষ স্বীকার করা অনাবশ্যক। এই সম্বন্ধ সমবায়ই হবে। নিম্নলিখিত অনুমানের দ্বারা সমবায়ের সিদ্ধি সম্ভব - “ইহ তন্ত্রশু পটঃ” ইত্যাদি প্রত্যয়া: আধারাধেয়য়ো: সম্বন্ধনিমিত্তা: যথার্থাধারাধেয়ভাব প্রকাশকহ্মাৎ, ‘ইহ কুণ্ডেবদরমিত্যাডিপ্রতীতিবৎ’।<sup>৯</sup>

অর্থাৎ কুণ্ড ও বদরের আধারাধেয়ভাব প্রতীতিস্থলে দেখা যায় যে, কুণ্ডানুযোগিক ও বদরপ্রতিযোগিক সম্বন্ধে প্রত্যক্ষসিদ্ধ সংযোগরূপ সম্বন্ধই উভয়ের আধারাধেয়ভাব প্রতীতির নির্বাহ করেছে। উক্ত দৃষ্টান্ত দেখে এরূপ নিয়ম কল্পনা করা যায় যে, যারা যথার্থত: আধারাধেয়ভাবের প্রতীতির বিষয় হবে তারা সম্বন্ধসাপেক্ষ হবে। এই নিয়ম প্রমাণিত হলে ‘ইহ তন্ত্রশু পটঃ’ ইত্যাদি প্রতীতিতে আধারাধেয়ভাবের প্রকাশ থাকায় তাতেও সম্বন্ধ সাপেক্ষত্ব অবশ্যই স্বীকার করতে হবে।

পূর্বোক্ত অনুমানের পক্ষ যে আধারাধেয়ভাব প্রতীতিগুলি তার পরিচায়ক রূপে ‘ইহ তন্ত্রশু পটঃ’ এই অংশের প্রবেশ করান হয়েছে, যাতে যে কোন প্রকার আধারাধেয়ভাবের নিয়ামক প্রতীতিই পক্ষকোটি প্রবিষ্ট না হয়। কেননা, ‘ইহ ভূতলে ঘটঃ’ ইত্যাদি আধারাধেয়ভাব প্রতীতিতে যে সম্বন্ধের সাপেক্ষতা আছে তা প্রত্যক্ষত: সিদ্ধ। কেননা এস্থলে সম্বন্ধটা সংযোগ হওয়ায় প্রত্যক্ষত: সিদ্ধ। সুতরাং উক্ত স্থলে সম্বন্ধ সাপেক্ষতার জন্য অনুমানের আপেক্ষা নেই। ফলে ‘ইহ ভূতলে ঘটঃ’ ইত্যাদি আধারাধেয়ভাব প্রতীতি পক্ষে প্রবিষ্ট হলে সিদ্ধ সাধন দোষের আশংকা দেখা যায়। সুতরাং সিদ্ধসাধনতা দোষ পরিহারের উদ্দেশ্যে ‘ইহ তন্ত্রশু পটঃ’ এই প্রতীতিরই উল্লেখ করা হয়েছে।

আনুমানিক আধারাধেয়ভাব প্রতীতিগুলিকেও পক্ষ বহির্ভূত বলে জানতে হবে। অন্যথা উক্ত অনুমান অংশত বাধদোষে দুষ্ট হয়ে পড়বে। কেননা, অনুমানের দ্বারাও বহু স্থলে আধারাধেয়ভাব প্রতীতি হয়ে থাকে এ সকল স্থলে পক্ষের সঙ্গে সাধ্যের সম্বন্ধ আছে বলেই যে ‘পক্ষ: সাধ্যবান’ ইত্যাদি আকারের আধারাধেয়ভাব প্রতীতি হয়, তা নয়, কারণ অনুমানস্থলে পূর্বে পক্ষে সাধ্যটি জানা থাকে না। সাধ্যের গমক যে লিঙ্গ (অর্থাৎ ব্যাপ্তি ও পক্ষধর্মবিশিষ্ট যে হেতু), তাকে পক্ষে জেনেই লোক ‘পক্ষ: সাধ্যবান’ ইত্যাদি আকারের অনুমান করে থাকে। অতএব ঐ সকল অনুমিত্যাগ্নক আধারাধেয়ভাব - প্রতীতিতে সম্বন্ধসাপেক্ষত্বরূপসাধ্য না থাকায় তা অংশত: বাধদোষে দুষ্ট হয়ে পড়ে।

এ বিষয়ে আরও বলা যায় যে, প্রাভাকরমতে, অধিকরণাতিরিক্ত অভাব পদার্থের অস্তিত্ব স্বীকৃত হয় নি, সুতরাং ঐ মতে, উক্ত প্রতীতিতে সম্বন্ধ সাপেক্ষত্ব থাকতে পারে না, অথচ ‘ইহ ভূতলে ঘটাবাঃ’ ইত্যাদি আকারের প্রতীতি সর্বদাই হয়ে থাকে এবং তাতে ভূতল ও ঘটাবাঃ এতদুভয়ের আধারাধেয়ভাবও প্রকাশিত হয়। সুতরাং আধারাধেয়ভাব- প্রতীতিত্ব রূপ হেতুটি বিদ্যমান রয়েছে ফলে

হেতুটি সাধারণ ব্যাভিচারী হয়ে পড়ে। অতএব উক্ত অনুমানের দ্বারা কিরূপে সমবায় প্রমাণিত হয়? এর উত্তরে বলা যায় অপ্রমাণ অধিকরণ থেকে পৃথক বস্তু বলে অভাব-পাদার্থ প্রমাণিত হবে, এরূপ হলে উক্ত প্রতীতিতেও অবশ্যই সম্বন্ধসাপেক্ষতা থাকবে। সুতরাং ব্যাভিচারের প্রশ্নই উঠে না।

পূর্বেই অনুমানের বিরুদ্ধে যদি এরূপ আপত্তি করা যায় যে, ঐ অনুমানের দ্বারা ‘ইহ তন্তু যু পটঃ’ ইত্যাদি প্রতীতিতে সম্বন্ধসাপেক্ষত্ব প্রমাণিত হলেও তার দ্বারা সমবায় প্রমাণিত হয় না, কেননা, ‘ইহ ভূতলে ঘটাব্যঃ’ ইত্যাদি প্রতীতির ন্যায় উক্ত প্রতীতি ও অবয়ব-অবয়বীর মধ্যস্থলীয় যে স্বরূপ সম্বন্ধ, তৎসাপেক্ষ হতে পারে। উত্তরে বলা যায় লাঘবজ্ঞান সহকৃত ঐ অনুমান স্বরূপাতিরিক্ত সম্বন্ধকেই প্রমাণিত করেছে। কেননা, স্বরূপসম্বন্ধ যে অনুযোগী ও প্রতিযোগী ভেদে ভিন্ন ভিন্ন তা সর্ববাদি সম্মত। তদপেক্ষা সমবায়ের কল্পনা লঘুতর। কারণ বৈশেষিকদর্শনে অনুযোগি-প্রতিযোগী ভেদেও একই নিত্য সম্বন্ধে তাদের আধারাদেয়ভাব স্বীকৃত হয়েছে।

আপত্তি করা যেতে পারে, তন্তুপটাদি স্থলে যদি লাঘববশতঃ এক ও নিত্য সম্বন্ধ প্রমাণিত হয়, তাহলে ঘটাব্য ভূতলাদি স্থলেও তুল্য যুক্তিতে নিত্য ও একটি সম্বন্ধ প্রমাণ হয়ে যাবে। কিন্তু বৈশেষিকগণ বলেন - যেহেতু তাঁরা অবয়ব-অবয়বী, গুণ-গুণী, ক্রিয়াদ্রব্য, জাতি ব্যক্তি ও নিত্য দ্রব্য বিশেষের যে সম্বন্ধ, তাকেই সমবায় বলে স্বীকার করেন। সেহেতু অভাব ও ভূতলাদির সম্বন্ধকে নিত্য ও এক বলে স্বীকার করা যায় না। তাছাড়া বলা যেতে পারে, ঘট্টের অতান্ত্যভাব স্বয়ং নিত্য। এরূপ অবস্থায় যদি এর ভূতলানুযোগিক সম্বন্ধকে নিত্য বলে স্বীকার করা যায় তাহলে ঘটানয়নের পরেও ‘ঘট্টাব্যবদ ভূতলম্’ এই আকারের আধারাদেয়ভাব প্রতীতির আপত্তি হয়ে পড়বে। কেননা ঘট উপস্থিত হলেও পূর্বস্থিত অতান্ত্যভাবের হানি হয়নি, এবং ভূতলের সঙ্গে তার পূর্বকার যে সম্বন্ধ ছিল নিত্য বলে তার ও কোন ক্ষতি করতে পারে নি। ফলে ভূতলে ঘট্টের উপস্থিতিকালেও ভূতল, ঘটাব্য ও তাদের মধ্যস্থলীয় সম্বন্ধ এই তিনটিই থেকে যাবে। অতএব ঐ স্থলে আধারাদেয়ভাব প্রতীতি না হওয়ার কোন কারণ থাকবে না। কিন্তু প্রকৃতপক্ষে ঘট্টের উপস্থিতির পরে লোকের ‘ভূতলং ঘটাব্যবৎ’ এই আকারে আধারাদেয়ভাব প্রতীতি হয় না। সুতরাং ভূতলাদির সঙ্গে ঘটাব্যাদির আধারাদেয়ভাবের নিয়ামক যে সম্বন্ধ, তা অনিত্য। সুতরাং সম্বন্ধটিকে সমবায় বলে স্বীকার করা যায় না।

উদয়নের মতে, সমবায়ের প্রমাণ বিষয়ে ন্যায় ও বৈশেষিক মতের পার্থক্য বর্তমান। নৈয়ায়িকরা যে বলেছেন দুটি সম্বন্ধীর প্রত্যক্ষ হলে সমবায়েরও প্রত্যক্ষ হবে, সেক্ষেত্রে নিত্য সম্বন্ধরূপে সমবায়ের প্রত্যক্ষিক জ্ঞান সম্ভব নয়। কোন বস্তু প্রাগভাব এবং ধ্বংসের প্রতিযোগী হয় না - তা প্রত্যক্ষতঃ বোঝা যেতে পারে না। তা যুক্তির দ্বারাই সিদ্ধ করতে হয়। এস্থলে অযুতসিদ্ধত্বপ্রকারেই সম্বন্ধের প্রত্যক্ষিক প্রতীতি স্বীকার করা হয়েছে। সুতরাং ন্যায় মতেও উক্ত স্থলে সম্বন্ধের সমবায়ত্বরূপে প্রতীতি অনুমানের দ্বারাই সিদ্ধ হবে। তাছাড়া সমবায়ের ক্ষেত্রে অনন্তসম্বন্ধীর সম্বন্ধকে অভিন্ন বলা হয়েছে। সুতরাং সমবায়ের এই যে একত্ব তাও প্রত্যক্ষতঃ জানা যেতে পারে না। এরূপ হলেও তন্তুপটাদি স্থলে সম্বন্ধটির যুতসিদ্ধত্বের অভাব প্রত্যক্ষতঃ জানা যেতে পারে। এই ‘অযুতসিদ্ধত্ব’ অংশ মাত্র নিয়ে তন্তু পটাদি স্থলে সম্বন্ধের প্রত্যক্ষ হয় বলে নৈয়ায়িকগণ উক্ত স্থলে সমবায়ের প্রত্যক্ষের কথা স্বীকার করেন।

বৈশেষিকশাস্ত্রে সমবায়ের প্রত্যক্ষ স্বীকার না করলেও অবয়ব-অবয়বীর আধারাদেয়ভাবের প্রত্যক্ষ প্রতীতি, দ্রব্যো গুণ, কর্ম ও জাতির আধারাদেয়ভাবের প্রত্যক্ষ প্রতীতি বৈশেষিক মতেও স্বীকৃত হয়েছে এবং ‘ইহ তন্তু যু পটঃ’ ইত্যাদি প্রত্যক্ষিক আধারাদেয়ভাব প্রতীতি অবলম্বনেই যুক্তির দ্বারা বৈশেষিক মতে সমবায়কে প্রমাণসিদ্ধ বলা হয়েছে।



অন্নংভট্টের মতে সমবায় প্রত্যক্ষ সিদ্ধ পদার্থ । ঘট ও রূপের মধ্যে যে সমবায় তা ঘট ও রূপের মতই প্রত্যক্ষ যোগ্য । কিন্তু বৈশেষিকগণ বলেন - সমবায় প্রত্যক্ষের দ্বারা গৃহীত হতে পারে না । যেহেতু সমবায় এক , সেজন্য সমবায়ের প্রত্যক্ষে যাবৎ সম্বন্ধী অর্থাৎ সমবায়ের অনুযোগী ও প্রতিযোগী সকল পদার্থের প্রত্যক্ষ অপেক্ষিত হবে কিন্তু সমবায়ের অনুযোগী ও প্রতিযোগী অনেক অতীন্দ্রিয় পদার্থ আছে । তাদের প্রত্যক্ষ না হলে তদবৃত্তি সমবায়ের প্রত্যক্ষ কিরূপে হবে ? এজন্য বৈশেষিক অনুমান প্রমাণের সাহায্যে সমবায়ের অস্তিত্ব ও সম্বন্ধরূপত্ব প্রতিপাদন করেন । নৈয়ায়িক ঐ অনুমানের দ্বারা কেবল সম্বন্ধরূপত্বই প্রতিপাদন করেন ।

অন্নংভট্ট দীপিকাটীকায় লিখেছেন -

“নীলোঘট: ইতি-বিশিষ্ট প্রতীতি : বিশেষণবিশেষ্যসম্বন্ধ

বিষয়া, বিশিষ্টপ্রত্যয়ত্বাৎ দণ্ডীতি প্রত্যয়বদ্ ইতি ”।”

এখানে ‘নীল’ শব্দের অর্থ নীলরূপবান । ঐ নীল শব্দ উপলক্ষণ রূপে গুণ বোধক । ফলে ‘নীলঘট:’ এর দ্বারা ‘গুণবান্ঘট:’ এরূপ বুঝতে হবে । তারপর উল্লিখিত ‘ইতি’ শব্দের দ্বারা ইত্যাদির বুঝতে হবে । ‘নীলোঘট:’ ইতি বিশিষ্টবুদ্ধি: এর অর্থ হবে ‘গুণবান্ঘট’ ইত্যাদি বিশিষ্টবুদ্ধি । আদি শব্দের দ্বারা ‘ক্রিয়াবান্ঘট:’, ‘জাতিমান্ঘট:’, ‘ঘটবৎ কপালম্’ ও ‘বিশেষবান্ পরমাণু :’ এ সকল বিশিষ্ট বুদ্ধিকে বুঝতে হবে । সমবায় সাধক অনুমানের প্রয়োগে পক্ষ হলো ‘গুণবান্ঘট: ইত্যাদি বিশিষ্ট বুদ্ধি । বিশেষণবিশেষ্যসম্বন্ধ বিষয়ত্ব হল সাধ্য এবং বিশিষ্টবুদ্ধিত্ব হেতু । ‘দণ্ডী পুরুষ:’ এটি হল উদাহরণ । ‘দণ্ডী’ বা ‘দণ্ডবান্ পুরুষ:’ - এইটিও একটি বিশিষ্ট বুদ্ধি । এখানে দণ্ডটি বিশেষণ ও পুরুষ বিশেষ্য যেমন ঐ বিশিষ্টবুদ্ধির বিষয় হয়েছে, তেমনিই দণ্ড ও পুরুষের সম্বন্ধও বিষয় হয়েছে । যদি উভয়ের কোন সম্বন্ধ না হতো, তাহলে দণ্ডকে বিশেষণ ও পুরুষকে বিশেষ্য বলা সম্ভব হত না । অতএব দণ্ডবান্ পুরুষ এই বিশিষ্ট প্রতীতিতে বিশিষ্ট বুদ্ধিত্ব আছে । এজন্য বিশেষণ (দণ্ড) বিশেষ্য (পুরুষ) সম্বন্ধ-বিষয়ত্বও আছে । এরূপ অবস্থায় নিয়ম করা যায় যে, ‘যত্র যত্র বিশিষ্ট বুদ্ধিত্বং তত্র তত্র বিশেষণ-বিশেষ্য সম্বন্ধবিষয়ত্বম্’ । ‘গুণবান্ঘট:’ ইত্যাদি বিশিষ্ট বুদ্ধিতে ও বিশিষ্ট বুদ্ধি আছে । সুতরাং এরূপ বিশিষ্ট বুদ্ধিতে বিশেষণ বিশেষ্য সম্বন্ধ বিষয়ত্বও থাকবে । ‘গুণবান্ঘট:’ এরূপ বিশিষ্ট বুদ্ধিতে গুণ বিশেষণ রূপে বিষয় হয়েছে । এখানে ঘট হল দ্রব্যের প্রতিনিধি । বিশিষ্ট বুদ্ধিতে গুণ ও ঘটের সম্বন্ধ বিষয় হওয়ায়, গুণকে বিশেষণ ও ঘটকে বিশেষ্য বলা যায় । অতএব ‘দণ্ডবান্ পুরুষ:’ এই প্রতীতির মত ‘গুণবান্ঘট:’ এই প্রতীতিতেও বিশেষণবিশেষ্যের সম্বন্ধ বিষয় হয়েছে । দণ্ড ও পুরুষ: - এই দুইটিই দ্রব্য হওয়ায়, এস্থলে সংযোগ সম্বন্ধ বিষয় হয়েছে । কিন্তু ‘গুণবান্ঘট:’ এই প্রতীতিতে সংযোগ সম্বন্ধ বিষয় হতে পারে না । কেননা গুণ ও দ্রব্য অযুতসিদ্ধ । যুতসিদ্ধের সম্বন্ধই সংযোগ । সুতরাং গুণবান্ঘট: ইত্যাদি বিশিষ্ট বুদ্ধিতে সংযোগ ভিন্ন সম্বন্ধকে অর্থাৎ সমবায়কে বিষয় বলতে হবে । এভাবে সমবায়ের অস্তিত্ব সিদ্ধ হয় ।

ন্যায়মতে যেক্ষেত্রে সম্বন্ধীদ্বয় প্রত্যক্ষযোগ্য সেক্ষেত্রে সমবায় প্রত্যক্ষযোগ্য । কিন্তু ভাট্ট ও বেদান্ত মতে সমবায় প্রমাণসিদ্ধ নয় । তাঁদের মতে, গুণাদিবিষয়ক বিশিষ্ট বুদ্ধিতে তাদাত্ম্যই সংযোগরূপে বিষয় হয়ে থাকে । তাছাড়া বৈশেষিকগণ সমবায়ের প্রত্যক্ষতা স্বীকার করেন না । বিশ্বনাথ এই আপত্তির কথা মনে রেখে ই সমবায় সিদ্ধিতে অনুমান প্রদর্শন করে বলেন -

“ গুণ-ক্রিয়াদি-বিশিষ্টবুদ্ধি: বিশেষণ বিশেষ্য-সম্বন্ধবিষয়া,

বিশিষ্ট বুদ্ধিত্বাদ্ ‘দণ্ডী পুরুষ’ ইতি বিশিষ্টবুদ্ধিবদিত্যনুমানম্”

অর্থাৎ যখনই আমাদের বিশিষ্ট বুদ্ধি হয় তখনই আমাদের বিশেষ্য-বিশেষণের কোন এক সম্বন্ধ জ্ঞানের বিষয় হয় যেহেতু তা প্রত্যক্ষবিশিষ্টবুদ্ধি। যেমন ‘দন্তী পুরুষঃ’ এই বিশিষ্টবুদ্ধি। এই অনুমানে গুণাদিবিষয়ক বিশিষ্ট বুদ্ধি পক্ষ। সম্বন্ধসামান্যকে বৈশিষ্ট্য বা বিশিষ্ট বুদ্ধি বলে। অর্থাৎ যে জ্ঞানে বিশেষ্য ও বিশেষণের সম্বন্ধ বিষয় হয় তাই বিশিষ্ট বুদ্ধি। উক্ত অনুমানে বিশেষ্যবিশেষণের সম্বন্ধ বিষয়ক হল সাধা। বিশিষ্ট বুদ্ধিহীন হেতু। এবং দন্তী পুরুষ রূপবিশিষ্ট প্রত্যক্ষবুদ্ধি দৃষ্টান্ত। দন্তী পুরুষ এই বিশিষ্ট বুদ্ধিতে দণ্ড ও পুরুষের সংযোগ সকলেরই প্রত্যক্ষসিদ্ধ ‘দন্তী পুরুষের’ মতো ‘শুক্লো ঘটঃ’, ‘গোব্রহ্মণ গো’ - এরূপ বিশিষ্টবুদ্ধি ও বিশেষ্য ও বিশেষণের সম্বন্ধ বিষয়ক তা অবশ্য স্বীকার্য। আমরা পূর্বেই দেখেছি এই সম্বন্ধ সংযোগ হতে পারে না কেননা সংযোগ দুটি দ্রব্যই সংগঠিত হয়। আবার এই সম্বন্ধ স্বরূপসম্বন্ধও হতে পারে না। কেননা, স্বরূপসম্বন্ধ অনুযোগী ও প্রতিযোগী ভেদে ভিন্ন ভিন্ন হওয়ায় অসংখ্য সম্বন্ধ স্বীকার করতে হবে। ফলে লাঘবনীতি অনুসারে সমবায় স্বীকার করতে হয়। তাই বিশ্বনাথ বলেন, ‘এতেন সংযোগাদিবাধাৎ সমবায়সিদ্ধিঃ’।<sup>১১</sup>

কিন্তু আচার্য উদয়নের মতে, নৈয়ায়িক সম্প্রদায় যে “গুণ ত্রিভাঙ্গাদিবিশিষ্টবুদ্ধিঃ সম্বন্ধ বিষয়বিশিষ্টবুদ্ধিভাৎ দণ্ডিপুরুষ বুদ্ধিবৎ”<sup>১২</sup> ইত্যাদি অনুমানের সাহায্যে ‘শুক্লো ঘটঃ’ প্রভৃতি প্রাত্যক্ষিক প্রতীতিতে সমবায়ের ভান প্রমাণিত করতে চান তা সঙ্গত হয়নি। কেননা, সমবায়ের সঙ্গে ইন্দ্রিয়ের কোন প্রকারবৃত্তি অর্থাৎ সংযোগ, সংযুক্ত সমবায়, সংযুক্ত বিশেষণতা ইত্যাদি সম্বন্ধ না হওয়ায় অর্থাৎ ইন্দ্রিয় বৃত্তির বাধা বশতঃই এই সকল অনুমানের দ্বারা সমবায়ের প্রাত্যক্ষিক ভান প্রমাণিত হয় না। অতএব নৈয়ায়িক প্রদর্শিত বিরোধী অনুমানের দ্বারা বৈশেষিক সিদ্ধান্তের কোন হানি হবে না।

কিন্তু প্রাভাকরগণ<sup>১৩</sup> বৈশেষিকদের মতো সমবায়কে এক ও নিত্য বলে মনে করেন না। প্রাভাকর মতে সমবায় এক নয় এবং সর্বত্র নিত্য নয়। যেহেতু অনুভব অনুসারেই কল্পনা হয় বলে ঘটে উৎপত্তির পূর্বে বা বিনাশের পরে ঘট-সমবায়ের অনুভব হয় না - এজন্য ঘট সমবায় অনিত্য। প্রাভাকর সম্প্রদায় নিত্য পদার্থদ্বয়ে নিত্য সমবায়, অনিত্য সমবায় স্বীকার করেন। তাছাড়া প্রতি সম্বন্ধী ভেদে সমবায় ভিন্ন ভিন্ন। প্রাভাকরগণ বৈশেষিকদের মতো সমবায়কে অনুমেয় বলেন না। সমবায় তার সম্বন্ধীতে কোন সম্বন্ধে থাকে, তার উত্তরে প্রাভাকরগণ বলেন - বিশিষ্টবুদ্ধিহীন হেতুর দ্বারা সমবায় অনুমেয় হয় কিন্তু সমবায়টি বিশেষণ বিশেষ্যের যে নিয়ামক হয়, তা কিন্তু অন্য বিশেষ্যের প্রসঙ্গকে বাদ দিয়ে হয় না। যেখানে দণ্ড প্রভৃতি বিশেষণ অনিয়ত দেখা যায়, সেখানে তার বিশেষণভাবের বিষয়ের জন্য অন্য সম্বন্ধের অপেক্ষা করা হয়। সংযোগটি সেস্থলে সমবায়কে অপেক্ষা করে। কিন্তু সমবায় স্থলে জাতি প্রভৃতি সম্বন্ধগুলি নিয়ত বলে তাদের নিয়ন্ত্রণের জন্য অন্য সম্বন্ধের অপেক্ষা নেই। অতএব, সমবায় অন্য সম্বন্ধকে অপেক্ষা না করেই বিশিষ্টবুদ্ধিহীন হেতু দ্বারা অনুমেয় হয়। নিয়ত অনবস্থার আপত্তি হবে। কেননা, সমবায় যদি বিশেষণবিশেষ্যভাবের নিয়মের জন্য অন্য সম্বন্ধকে অপেক্ষা করে, তা হলে সেই অন্য সম্বন্ধও অপর সম্বন্ধকে অপেক্ষা করবে। সে আবার আর এক সম্বন্ধকে অপেক্ষা করবে। এভাবে তাতে অনবস্থার আপত্তি হবে। আরও কথা এই যে, যেখানে সম্বন্ধদ্বয়ের পৃথকজ্ঞান হয় সেখানে তাদের সম্বন্ধটি উভয় সম্বন্ধীকে বিশেষ্য বিশেষণরূপে নিয়ন্ত্রিত করার জন্য সম্বন্ধান্তরকে অপেক্ষা করে। কিন্তু যেখানে সম্বন্ধদ্বয়ের পৃথকভাবে কখনও জ্ঞান হয় না, সেখানে সেই সম্বন্ধি দ্বয়ের বিশেষ্য বিশেষণ ভাব নিয়ন্ত্রিত করার জন্য সম্বন্ধের (অর্থাৎ সমবায়ের) অন্য সম্বন্ধকে অপেক্ষা করবার কোন আবশ্যিকতা নেই। সমবায়ের সম্বন্ধীদ্বয় অর্থাৎ জাতি ব্যক্তি প্রভৃতি অম্বয়বাতিরেক দ্বারা পৃথকভাবে গৃহীত হয়। এ ক্ষেত্রে প্রভাকর স্পষ্টভাবে কিছু বলেন নি। বৈশেষিকগণ মনে করেন - সমবায় তার সম্বন্ধীতে স্বরূপ সম্বন্ধে থাকে? অন্য কোনও সম্বন্ধে থাকে না।

ভবনাথ মিশ্র স্বকৃত নয়বিবেক এ বলেছেন - “সমবায়শ্চ স্বয়মনাশ্রিত এব স্বভাবাৎ স্বতন্ত্রপরতন্ত্রয়ো: সমবায়িনোরশ্রিততাতানহেতু :” (১/১/৫ সূ: টীকা ) ।

অর্থাৎ অবয়ব ও অবয়বীর মধ্যে, গোব্যক্তি গোত্র জাতির মধ্যে যথাক্রমে অবয়ব ও ব্যক্তি স্বতন্ত্র এবং অবয়বী ও জাতি পরতন্ত্র এভাবে স্বতন্ত্র ও পরতন্ত্র দুইটি সমবায়ীর মধ্যে আশ্রয় ও আশ্রিত জ্ঞানের কারণ হচ্ছে সমবায় । কিন্তু সমবায়টি নিজে আশ্রিত হয় না । ফলে সম্বন্ধীতে সমবায়ের সম্বন্ধ নেই। কিন্তু আপত্তি হতে পারে, সমবায়ের যদি সম্বন্ধ সম্বন্ধীতে না থাকে, তা হলে সেই সম্বন্ধীদ্বয়কে সমবায়ের সম্বন্ধী বলা যায় কিরূপে ? কিরূপেই বা তাদের সমবায়ী বলা যায় ?

এরূপ অর্থের অসঙ্গতি দেখেই রবিদেব স্বকৃত বিবেকতত্ত্বটীকায় ব্যাখ্যা করেছেন - সংযোগ সম্বন্ধের ক্ষেত্রে সংযোগ সম্বন্ধটি যে বিশেষণকে যে বিশেষ্য-বিশেষিত করে, সেখানে সেই বিশেষণের অন্য বিশেষ্যের প্রসঙ্গ হয় না । এজন্য এরূপ স্থলে বিশিষ্ট বুদ্ধির জনক সংযোগ সম্বন্ধটি বিশিষ্ট বুদ্ধির জন্য সম্বন্ধান্তরকে অপেক্ষা করে । কিন্তু বিশিষ্টবুদ্ধিহেতু দ্বারা বিশিষ্ট বুদ্ধিতে বিশেষ্য ও বিশেষণের নিয়ামকরূপে সমবায় অনুমেয় হলেও সমবায়ের বিশেষ্য বিশেষণ নিয়ামকের স্থলে বিশেষ্যান্তরের প্রসঙ্গও থাকতে পারে বলে সমবায় অন্য সম্বন্ধকে অপেক্ষা করে না ।

তাছাড়া যার অনিয়তন্ত্র স্বত:সিদ্ধ তাকে নিয়মিত করার জন্য অন্য সম্বন্ধের অপেক্ষা থাকে । কিন্তু সমবায় সম্বন্ধের সম্বন্ধীগুলি নিয়ত বলে অন্য সম্বন্ধের অপেক্ষা থাকে না, নয়ত অনবস্থার আপত্তি হবে। কিন্তু প্রত্যাকরণগ সমবায় সম্বন্ধান্তরকে অপেক্ষা করে না এ কথা প্রমাণ করলেও সম্বন্ধীতে তার থাকা না থাকা নিয়ে তাঁরা কিছু বলেন নি ।

শেষত: বলা যায় বৈশেষিক ও প্রত্যাকরণগ যেরূপ সমবায়কে অনুমেয় বলেন, নৈয়ায়িক সেরূপ বলেন না । তাঁদের মতে কোন স্থলে সমবায় প্রত্যক্ষ, কোথাও অনুমেয় কোথাও বা শব্দবোধেরও বিষয় হয় ।

### উৎসনির্দেশ

১.	তত্ত্ব ও প্রয়োগ	পৃ: ৩৫
২.	প্রশস্তিপাদভাষ্য	পৃ: ৩৪৫
৩.	তত্ত্ব ও প্রয়োগ	পৃ: ৩৬
৪.	প্রশস্তিপাদভাষ্য	পৃ: ৩৪৫
৫.	প্রশস্তিপাদভাষ্য	পৃ: ৩৩৩-৩৩৪
৬.	তত্ত্ব ও প্রয়োগ	পৃ: ৩৯-৪২
৭.	তত্ত্ব ও প্রয়োগ	পৃ: ৪১
৮.	কিরণাবলী	পৃ: ২৫৩-২৬১
৯.	কিরণাবলী প্রকাশ	পৃ: ১৩৫
১০.	তর্কসংগ্রহ	পৃ: ৬৯-৭০

১১.	ভাষাপরিচ্ছেদ	পৃ: ৬৯-৭০
১২.	ভাষাপরিচ্ছেদ	পৃ: ৭১
১৩.	ভাষা পরিচ্ছেদ	পৃ: ৬৯-৭০
১৪.	তত্ত্ব ও প্রয়োগ	পৃ: ৪৮-৫২

### গ্রন্থপঞ্জী

- কিরণাবলী : উদয়নাচার্যকৃত বর্ধমান উপাধ্যায় রচিত কিরণাবলী প্রকাশ সহ, ম.ম. শিবচন্দ্র সার্বভৌম কর্তৃক সম্পাদিত, এশিয়াটিক সোসাইটি ।
- কিরণাবলী প্রকাশ : কিরণাবলী দ্রষ্টব্য ।
- তর্কসংগ্রহ : (দীপিকাটীকাসহ) - নারায়ণচন্দ্র গোস্বামী, সংস্কৃত পুস্তক ভাণ্ডার, কলিকাতা, ১৯৮৩ ।
- তত্ত্ব ও প্রকাশ : (দ্বিতীয় খণ্ড, দ্বিতীয় সংখ্যা, ডিসেম্বর ১৯৯৩), সম্পাদক প্রহ্লাদ কুমার সরকার, দর্শন ও সমাজ, ৬৯/৪, শান্তিরাম রাস্তা, বালী ।
- প্রশস্তপাদভাষ্য : দণ্ডিস্বামী দামোদর আশ্রম ও শ্রী শ্যামাপদ ন্যায়তর্কতীর্থকৃত বঙ্গানুবাদসহ, কলিকাতা, মে ১৯৮৮ ।
- ভাষা পরিচ্ছেদ : সিদ্ধান্ত মুক্তাবলীসহ, শ্রী পঞ্চানন শাস্ত্রী, সংস্কৃত পুস্তক ভাণ্ডার, কলিকাতা ।

# নৈয়ায়িকের প্রমা

প্রভাত মিশ্র

## ১. প্রমার লক্ষণ

পাশ্চাত্য দর্শনে যাকে জ্ঞান বলা হয়, ভারতীয় দর্শনে তাকে বলা যায় প্রমা। পাশ্চাত্য দর্শনে যাকে জ্ঞান বলা হয়, তা সর্বদাই যথার্থবিষয়ক হয়। ভারতীয় দর্শনেও যথার্থবিষয়ক জ্ঞানকে প্রমা বলা হয়, অযথার্থ বিষয়ক জ্ঞানকে বলা হয় অপ্রমা। মীমাংসক প্রভাকর এবং বিশিষ্টাদ্বৈতবাদী রামানুজ অপ্রমা স্বীকার করেন না। তাঁদের মতে সব জ্ঞানই যথার্থ। চূড়ান্ত দৃষ্টিতে - পারমার্থিক দৃষ্টিতে অদ্বৈত বেদান্তী জ্ঞান বলতে একমাত্র ব্রহ্মকেই বোঝেন। সেই দৃষ্টিতে অদ্বৈতমতেও জ্ঞান কখনো অযথার্থ হতে পারে না।

জ্ঞান বা প্রমার অস্তিত্ব-বিষয়ে বলা হয় যে এই পদার্থটি (জ্ঞান বা প্রমা) স্বানুভবসিদ্ধ। আমার এই জ্ঞান হয়েছে - এইরূপ প্রত্যক্ষ অনুভব সকলেই করেন। অবশ্য ভাট্ট মীমাংসক জ্ঞানকে স্বানুভবসিদ্ধ বলেন না। ভাট্টমতে জ্ঞানের প্রত্যক্ষ হয় না। অর্থাপত্তি বা অনুমান প্রমাণের দ্বারা জ্ঞানের অস্তিত্ব সিদ্ধ হয়। কিন্তু সাধারণভাবে অন্য সব সম্প্রদায়ই জ্ঞান বা প্রমাকে স্বানুভবসিদ্ধ বলেন।

তাহলেও প্রমাঞ্জন কোন কোন ভারতীয় দার্শনিক আদৌ স্বীকার করেন না। বিজ্ঞানবাদী বৌদ্ধমতে সব বস্তুবিষয়ক জ্ঞানই অযথার্থ, যেহেতু জ্ঞান, যেমন স্বপ্নজ্ঞান (সর্বের প্রত্যয়া: অযথার্থা: প্রত্যয়ত্বাৎ স্বপ্নপ্রত্যয়বৎ।)। শূন্যবাদী বৌদ্ধ নাগার্জুন প্রমা ও প্রমাণের অস্তিত্বের বিরুদ্ধে যুক্তি দেখান এরকম: যদি প্রমাণের দ্বারা বস্তুর অস্তিত্বের জ্ঞান হয়, তবে সেই প্রমাণের অস্তিত্বের জন্য অন্য প্রমাণের অপেক্ষা থাকে, আবার এই অন্য প্রমাণের অস্তিত্বের জন্য অন্য এক প্রমাণের অস্তিত্বের অপেক্ষা থাকবে, অনবস্থা অনিবার্য হবে।

(যদি চ প্রমাণত: তেষাং তেষাং প্রসিদ্ধি: অর্থানাম্ / তেষাং পুন: প্রসিদ্ধিং ব্রুহি কথং তে প্রমাণালাম্।)।

এইরূপ বৌদ্ধ সিদ্ধান্তের বিরুদ্ধে নৈয়ায়িক বলেন, অনুমানের দ্বারা প্রমা-প্রমাণ খণ্ডন অত্যন্ত অসম্ভব। যদি অনুমান এবং অনুমানলব্ধ জ্ঞানই অসৎ হয় - ভ্রান্ত হয় তবে যে অনুমানের দ্বারা বৌদ্ধগণ প্রমা-প্রমাণ খণ্ডন করেছেন, তা ভ্রান্ত ও অসৎ হয়, এবং তাঁদের অনুমানলব্ধ সেই জ্ঞানও যথার্থ হতে পারে না।

সর্বাঙ্গিবাদী বৌদ্ধগণ - বৈভাষিক এবং বিশেষত সৌত্রান্ত্রিকগণ কিংবা ধর্মকীর্তি প্রমুখ স্বতন্ত্র বিজ্ঞানবাদীগণ প্রমাঞ্জন অস্বীকার করেন নি। তাঁদের মতে সমাগজ্ঞান প্রমা। আর অবিসংবাদক জ্ঞান

হ'ল সমাগ্জ্ঞানম্ (অবিসংবাদকং জ্ঞানং সমাগ্জ্ঞানম্)। অবিসংবাদকত্ব বলতে প্রাপকত্ব বোঝায়। জ্ঞানের দ্বারা বাহ্যবস্তু প্রদর্শিত হয় - ঐ বস্তুর উপকারিতা - অপকারিতা অনুযায়ী বস্তুটির লাভের জন্য বা পরিহারের জন্য ঐ তার প্রবৃত্তি হয়। জ্ঞানের এই প্রবর্তকত্বই প্রাপকত্ব। এইজন্য অবিসংবাদক জ্ঞান বলতে প্রাপকজ্ঞান বোঝায়। আর প্রাপক জ্ঞান বলতে আমরা বুঝি সফলপ্রবৃত্তিজনক জ্ঞানকে।

নৈয়ায়িক কে'র কোন বৌদ্ধের এই প্রমালক্ষণ অস্বীকার করেন। কেন না এই লক্ষণ গ্রহণাত্মক জ্ঞান (উপাদানবুদ্ধি) ও পরিহারাত্মক জ্ঞানে (হানবুদ্ধি) প্রযুক্ত হ'লেও উপেক্ষাত্মক জ্ঞানে (যে বিষয়ের জ্ঞান জ্ঞাতার উপকারী নয়, অপকারীও নয় অর্থাৎ উপেক্ষাবুদ্ধি) প্রযুক্ত হয় না। অথচ উপেক্ষাত্মক বুদ্ধিও প্রমাপদবাচ্য। ভাট্ট মীমাংসক বলেন, অজ্ঞাততদ্বার্থজ্ঞান (অজ্ঞাততদ্বার্থজ্ঞানং প্রমা)। কিংবা অনধিগত - অবাধিতার্থজ্ঞান প্রমা। অর্থাৎ পূর্বক্ষণে অজ্ঞাত ও অনিষেধা বিষয়ের জ্ঞান প্রমা। প্রাভাকর মীমাংসক বলেন, অনুভূতি প্রমা। (অনুভূতি: প্রমা)। অর্থাৎ স্মৃতিভিন্ন অনুভবই প্রমা। স্মৃতি হ'ল জ্ঞাত বিষয়ের জ্ঞান। কাজেই অনুভূতি প্রমা, এই লক্ষণের দ্বারা অজ্ঞাত বিষয়ের জ্ঞানকেই প্রমা বলা হ'ল।

কিন্তু নৈয়ায়িক অবিচ্ছেদে প্রতি ক্ষণে ক্ষণে উৎপন্ন একই বিষয়ের কিছুক্ষণব্যাপী যে ধারাবাহিক জ্ঞান, তার প্রতিটি ক্ষণের জ্ঞানকে প্রমা বলেন। ধারাবাহিক জ্ঞানের দ্বিতীয়-তৃতীয়াদি ক্ষণের জ্ঞান অজ্ঞাত বা অনধিগত বিষয়ের জ্ঞান হয় না। ফলে ঐ ঐ ক্ষণের জ্ঞানে উপরিউক্ত মীমাংসকদের প্রমালক্ষণ প্রযুক্ত হয় না।

যাঁরা প্রমাজ্ঞান স্বীকার করেছেন এবং লক্ষণ দিয়েছেন, তাঁদের সেই লক্ষণগুলিকে একটি লক্ষণে আনতে গেলে বলতে হয় যে প্রমা হ'ল অনধিগত অবাধিত বিষয়ের জ্ঞান। যেমন উপরে উল্লিখিত বৌদ্ধসম্মত প্রমালক্ষণে অবাধিত বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হ'য়েছে। আবার মীমাংসক সম্মত দুটি প্রমালক্ষণে গুরুত্ব দেওয়া হ'য়েছে অনধিগত বিষয়ের উপর। অবশ্য ভাট্ট মীমাংসকের লক্ষণে প্রমাজ্ঞানের বিষয়ের অনধিগতত্ব ও অবাধিতত্ব এই দুয়ের উপরই সমান গুরুত্ব দেওয়া হ'য়েছে।

ভারতীয় দর্শনে প্রমার লক্ষণে অনধিগতত্ব ও অবাধিতত্ব এই দুটি বৈশিষ্ট্যের উপর অধিক গুরুত্ব দেওয়ার কারণ আছে। অধিকাংশ ভারতীয় দার্শনিক স্মৃতিজ্ঞানকে প্রমা বলতে চান না, তাই প্রমা হ'তে গেলে অনধিগত বিষয়ের জ্ঞান হ'তে হবে। (স্মৃতি অধিগত বিষয়ের জ্ঞান)। আর প্রমা অবশ্যই ভ্রমভিন্ন জ্ঞান হবে (ভ্রম হ'ল জ্ঞানান্তরের দ্বারা বাধিত জ্ঞান), তাই প্রমা হ'ল অবাধিত বিষয়ের জ্ঞান।

নৈয়ায়িকগণও প্রমালক্ষণ প্রণয়ন করতে গিয়ে এই দু'টি বিষয়ের উপর গুরুত্ব দিয়েছেন। তাঁরাও প্রমার এমন লক্ষণ দিতে চেয়েছেন, যাতে প্রমাজ্ঞান স্মৃতিভিন্ন ও ভ্রমভিন্ন জ্ঞান বলে পরিগণিত হয়। প্রাচীনকাল থেকেই ন্যায়দর্শনে যে সংক্ষিপ্ত প্রমালক্ষণটি প্রচলিত, তা হ'ল : যথার্থ অনুভব। (যথার্থ অনুভব: প্রমা)। নব্য নৈয়ায়িক গঙ্গেশ যথার্থ অনুভব বলতে বুঝলেন তদ্ব্তি তৎপ্রকারক অনুভব। এ কারণে যথার্থ অনুভব - এই লক্ষণটি প্রাচীন ন্যায়দর্শনসম্মত লক্ষণ বলেও বলা যায়। যথার্থ অনুভব বলতে বোঝায় অবিপরীত অনুভব। অর্থাৎ প্রমা হ'ল অবিপরীত বিষয়ের জ্ঞান - যে বিষয়টি বাস্তব জগতে যা বা যে প্রকার, তার বিপরীত নয় এমন বস্তুর জ্ঞান। আর প্রমা হ'ল অনুভব নামক জ্ঞান। ন্যায়মতে স্মৃতি ও অনুভব - এই দু'প্রকার জ্ঞানের মধ্যে প্রমা হ'ল অনুভব অর্থাৎ প্রমাণের ব্যাপার থেকে উৎপন্ন জ্ঞান এবং ফলত স্মৃতিভিন্ন জ্ঞান। নৈয়ায়িকদের বিশিষ্টতা এখানে এই যে, যেহেতু প্রমার লক্ষণে

‘অনধিগত’ বা অবাধিত অর্থের দ্যোতক ‘অবিসংবাদক’ পদ থাকলে লক্ষণটি নির্দোষ হয় না, সেহেতু তাঁরা অন্যরকম পদ প্রয়োগ করলেন। বললেন, প্রমা হ’ল যথার্থ অনুভব।

বাৎসায়ন তাঁর ন্যায়ভাষ্যে যথার্থ বিজ্ঞানকে প্রমা বললেন(যথার্থবিজ্ঞানম্ সা প্রমিতিঃ।)। যথার্থ বিজ্ঞান বলতে তিনি বোঝালেন, তাতে তা বা তার ধর্ম আছে এমন প্রত্যয় (তস্মিন তদ্ ইতি প্রত্যয়ঃ।)। উপলব্ধিহেতুকে প্রমাণ বলে উদ্দোতকর তাঁর ন্যায়বার্ত্তিকে উপলব্ধিকেই প্রমা বললেন। বাচস্পতি তাঁর ন্যায়বার্ত্তিকতাৎপর্য টীকায় অর্থ-অব্যাবিচারী অনুভবকে প্রমা বললেন। জয়ন্ত ন্যায়মঞ্জরীতে বললেন, প্রমা হ’ল অর্থের অব্যাবিচারী, অসন্দ্বিগ্ধ উপলব্ধি (অব্যাবিচারিনীম্ অসন্দ্বিগ্ধম্ অর্থোপলব্ধিং বিদধতী।)। উদয়ন তাৎপর্যটীকাপরিশুদ্ধিতে অর্থ - অব্যাবিচারী অনুভবকে প্রমা বললেন। কিন্তু ন্যায়কুসুমাজলি গ্রন্থে তিনি বললেন প্রমা হ’ল যথার্থ অনুভব যা অন্য কোন শর্তকে অপেক্ষা করে না। (যথার্থানুভবঃ মানম্ অনপেক্ষতয়েষ্যতে।)।

বল্লাভাচার্য তাঁর ন্যায়লীলাবতীতে প্রমাকে যথার্থ অনুভব বলে স্বীকার করে বললেন প্রমা হ’ল সেই বিষয়ের অনুভব, যে বিষয়টি, তার থেকে ভিন্ন অন্য বিষয় হ’তে পারে না (পর-অনাত্মতয় অনুভবঃ।)। এইভাবে দেখা যায় গঙ্গেশ-পূর্ব ন্যায়দার্শনিকগণ এককথায় প্রমার যে লক্ষণ দিয়েছেন, তা হ’ল যথার্থ অনুভব। অব্যাবিচারী অসন্দ্বিগ্ধ পর-অনাত্মতয় বিষয় বলতে যথার্থ বোঝায়, আর পূর্ব অনুভব থেকে স্বাধীন সাক্ষাৎ অর্থেৎপন্ন জ্ঞান বলতে স্মৃতিভিন্ন জ্ঞান অনুভব বোঝায়।

কিন্তু তাহ’লেও ন্যায়দর্শনের ইতিহাসে প্রমার সুনির্দিষ্ট ইতিবাচক এবং সুসংহত লক্ষণ পেতে আমাদের গঙ্গেশের তত্ত্বচিন্তামনি পর্যন্ত অপেক্ষা করতে হ’য়েছে। প্রাচীন নৈয়ায়িকদের মত তিনিও প্রমাকে অনুভব বলে স্মৃতিভিন্ন জ্ঞান বলে চিহ্নিত করলেন। আর যথার্থ শব্দের প্রকৃত অর্থ তিনি নিরূপণ করলেন, তদ্বতি তৎপ্রকারক। কাজেই তাঁর সিদ্ধান্তে প্রমার লক্ষণটি হ’ল, ‘তদ্বতি তৎপ্রকারকানুভবঃ।’ অবশ্য তাঁর এই লক্ষণ প্রণয়নে বাৎসায়ন ও উদয়নের প্রভাব আছে। বাৎসায়ন বলেছিলেন প্রমা হ’ল ‘তস্মিন তদ্ ইতি প্রত্যয়ঃ’। আর উদয়ন প্রমাকে সুনির্দিষ্টভাবে স্মৃতি ভিন্ন জ্ঞান বলে উল্লেখ করেছিলেন, বলেছিলেন প্রমা হ’ল যথার্থ অনুভব যা পূর্ব অনুভব থেকে স্বাধীন।

গঙ্গেশ তাঁর তত্ত্বচিন্তামণির প্রত্যক্ষ খণ্ডের প্রমালক্ষণপূর্বপক্ষ ও প্রমালক্ষণসিদ্ধান্ত অংশে তাঁর পূর্ববর্তী আচার্যদের সম্মত এবং সম্ভাব্য অনেকগুলি প্রমালক্ষণের বিচার করেছেন। তারপর তিনি সিদ্ধান্তলক্ষণে এসেছেন যে, প্রমা হ’ল তদ্বতি তৎপ্রকারক অনুভব।

জ্ঞানত্ব জাতির দ্বারা যেমন জ্ঞানের লক্ষণ করা যেতে পারে, তেমনই প্রমাত্ব জাতির দ্বারা প্রমার লক্ষণ করা যায়। এমন চিন্তা করে কেউ বলতে পারেন যে প্রমাত্ব যাতে থাকে তা প্রমা।

উদয়ন তাঁর ন্যায়তাৎপর্যটীকাপরিশুদ্ধিগ্রন্থে স্মৃতির প্রমাত্ব খণ্ডন করতে গিয়ে যুক্তিসহকারে প্রতিষ্ঠা করেছিলেন যে প্রমাত্ব জাতি নয়। গঙ্গেশও প্রমার লক্ষণ বা প্রামাণ্য নিরূপণ করতে প্রথমেই বললে প্রমাত্ব জাতি প্রমার লক্ষণ নয়। (অথ কিং তৎ প্রামাণ্যম ন তাবৎ জাতি : ... )।

প্রমাত্ব জাতির দ্বারা প্রমার লক্ষণ করলে প্রমার মানস প্রত্যক্ষের সহিত প্রমাত্ব জাতিরও প্রত্যক্ষ স্বীকার করতে হয়। প্রমাত্বজাতিরও যদি প্রত্যক্ষ হয় তবে কোন প্রমাজ্ঞানেই সংশয় হতে পারে না।

প্রত্যক্ষ একটি প্রমাণজ্ঞান। অনেকসময় প্রত্যক্ষজ্ঞানে সংশয়ের উৎপত্তি হয়। যদি প্রত্যক্ষ প্রমাণটির প্রত্যক্ষকালে প্রমাণটিরও প্রত্যক্ষ হ'ত, তবে কোন প্রত্যক্ষপ্রমাণ সংশয়মুক্ত হ'ত না। অথচ সম্মুখে দণ্ডায়মান একটি স্থানকে প্রত্যক্ষ করেও আমাদের সংশয় হয় - এটি স্থানু, না মানুষ!

নিম্ন অনুযায়ী ব্যক্তি দ্রব্য বা গুণের প্রত্যক্ষের সহিতই ঐ ব্যক্তিতে আশ্রিত জাতিরও প্রত্যক্ষ হবে। কিন্তু প্রমার মানসপ্রত্যক্ষের সহিত প্রমাত্ত্ব জাতির প্রত্যক্ষ স্বীকার করা যাচ্ছে না। এই কারণেই ন্যায়সিদ্ধান্ত অনুযায়ী গণেশ বলেন, প্রমাত্ত্ব প্রত্যক্ষযোগ্যই নয়। কোন জ্ঞান প্রমাণ কিনা অর্থাৎ কোন জ্ঞানে প্রমাত্ত্ব বা প্রামাণ্য আছে কিনা, তার জ্ঞান হয় সফল প্ৰবৃত্তিজনকত্ব - হেতুর দ্বারা। কিন্তু প্রমাব্যক্তিতে থাকা প্রমাত্ত্ব জাতির জ্ঞান প্রত্যক্ষের দ্বারাই হওয়া উচিত। প্রত্যক্ষের দ্বারা যেহেতু প্রমাত্ত্ব জাতির জ্ঞান হয় না, সেহেতু প্রমাত্ত্বকে জাতির অস্তিত্বের সিদ্ধি হয় না। ফলে প্রমাত্ত্ব প্রমার লক্ষণ হ'তে পারে না।

প্রমাত্ত্ব জাতিই নয়। প্রমাত্ত্বকে জাতি বললে সাংকর্যদোষ আসে। (সাক্ষাত্বাদিনা সাংকর্যপত্তেষ্চ)। দুটি ধর্ম যদি পরস্পর পরস্পরের অভাবের সহিত কোথাও থাকে, আবার কোথাও একই অধিকরণেও থাকে, তবে সংকর হয়। এইরূপ দুটি ধর্মের সংকর হওয়াই সাংকর্যদোষ। যেমন ভূতত্ব ও মূর্তত্ব - এই দুটি ধর্ম। ভূতত্ব পৃথিবী, জল, অগ্নি, বায়ু ও আকাশ - এই পঞ্চভূতে থাকে। মূর্তত্ব পৃথিবী, জল, অগ্নি, বায়ু ও মন এই পাঁচটি মূর্তদ্রব্যে থাকে। কিন্তু ভূতত্ব মূর্তত্বের অভাবের সহিত আকাশে থাকে, মূর্তত্ব ভূতত্বের অভাবের সহিত মনে থাকে। কেন না আকাশ মূর্ত নয়, মন ভূত নয়। অথচ এই দুটি ধর্ম পরস্পর পরস্পরের অভাবের সহিত থেকেও পরস্পর পরস্পরের সহিত পৃথিবী, জল, অগ্নি ও বায়ুতে থাকে। এইভাবে ভূতত্ব ও মূর্তত্বের সংকর হওয়ায়, এদের কোনটিকে জাতি বলা হয় না। সাংকর্য একটি অন্যতম জাতিবাধক।

একইভাবে বলা যায়, প্রমাত্ত্ব ধর্ম ও সাক্ষাত্ত্ব (প্রত্যক্ষত্ব) ধর্ম একের অভাবের সমানাধিকরণ হ'য়েও একই অধিকরণে থাকে। যেমন প্রমাত্ত্ব ও সাক্ষাত্ত্ব প্রত্যক্ষ প্রমায় থাকে, কিন্তু অনুমিতিপ্রমায় প্রমাত্ত্ব থাকলেও সাক্ষাত্ত্ব থাকে না। আবার ভ্রমপ্রত্যক্ষে সাক্ষাত্ত্ব থাকে, কিন্তু প্রমাত্ত্ব থাকে না। সুতরাং প্রমাত্ত্বকে জাতি বলে স্বীকার করলে সাংকর্যদোষ এসে উপস্থিত হয়।

আবার প্রমাত্ত্বকে জাতি বললে অপ্রমার বিশেষ্য অংশে প্রমাত্ত্ব স্বীকার করা যায় না। (কিঞ্চ এবং অপ্রমায়া অংশে প্রমাত্ত্বং ন স্যাৎ ...)। ন্যায়মতে ভ্রমরূপ অপ্রমার প্রকার অংশে ভ্রমত্ব বা অপ্রমাত্ত্ব বা বিপর্যয়ত্ব থাকে, কিন্তু ধর্মী অংশে অর্থাৎ বিশেষ্য অংশে প্রমাত্ত্ব থাকে। জাতি হ'ল ব্যাপ্যবৃত্তি ধর্ম। প্রমাত্ত্ব যদি জাতি হয়, তবে ভ্রমরূপ অপ্রমার সর্বাংশেই প্রমাত্ত্ব থাকার কথা। আংশিকত্ব জাতির বাধক। জাতি কখনোই অব্যাপ্যবৃত্তি অর্থাৎ আংশিক হয় না। ফলে প্রমাত্ত্বধর্ম জাতি নয়।

পূর্বপক্ষী বলতে পারেন, কোন বস্তু ব্যাপ্যবৃত্তি, আর কোন বস্তু অব্যাপ্যবৃত্তি এ বিষয়ে অবাধিত অনুভবই প্রমাণ। জাতি একস্থলে ব্যাপ্যবৃত্তি হ'লেও অন্যস্থলে অব্যাপ্যবৃত্তি হ'তে পারে - যদি তেমন অবাধিত অনুভব হয়। যেমন সংযোগ নামক গুণটির অত্যন্তাভাব গুণ প্রভৃতিতে ব্যাপ্যবৃত্তি। কিন্তু সংযোগের আশ্রয় কোন দ্রব্যে সংযোগ ও সংযোগের অত্যন্তাভাব অব্যাপ্যবৃত্তি হয়। বৃক্ষে যে কপিসংযোগ তা বৃক্ষের এক অংশে (শাখায়, শাখাবচ্ছেদে) থাকে, আবার আর এক অংশে (মূলে, মূলাবচ্ছেদে) থাকে, আবার আর এক অংশে (মূলে, মূলাবচ্ছেদে) অত্যন্তাভাব থাকে। এভাবে সংযোগের অত্যন্তাভাব অব্যাপ্যবৃত্তি হয়। ফলে বলতে হয় সংযোগের অত্যন্তাভাবের ব্যাপ্যবৃত্তিতা ও অব্যাপ্যবৃত্তিতা



নিরূপণের ক্ষেত্রে অবাধিত অনুভবই প্রমাণ। বরং বলা যায় বৃক্ষ কপিসংযোগের অবাধিত অনুভবের দ্বারা যেমন বলা যায় যে সংযোগ এবং সংযোগাভাব উভয়ই অব্যাপ্যবৃত্তি, তেমনই ভ্রমজ্ঞান স্থলেও প্রমাত্ত্ব ও প্রমাত্ত্বের অভাব এই উভয়কে অব্যাপ্যবৃত্তি বলা যাবে। (অথ যথা ভাবঃ অভাবো বা ন অব্যাপ্যবৃত্তিরিতি নিয়মম্ তিরঙ্কৃত্য অবাধিতানুভাববলাৎ সংযোগ-তদ্-অভাবয়োরব্যাপ্যবৃত্তিত্বম্, ... )। সুতরাং বলা যায়, যে জ্ঞান সর্বাংশে প্রমা, সেই জ্ঞানে জাতি হিসাবে প্রমাত্ত্ব ব্যাপ্যবৃত্তি হোক, কিন্তু যে জ্ঞান (ভ্রমজ্ঞান) কোন অংশে প্রমা, কোন অংশে অপ্রমা, সেইজ্ঞানে ঐ প্রমাত্ত্ব ও তার অভাব (অপ্রমাত্ত্ব) অব্যাপ্যবৃত্তি হোক। সুতরাং প্রমাত্ত্ব কোথাও কোথাও ব্যাপ্যবৃত্তি হয় না বলে তা জাতি হবে না কেন ?

উত্তরে গঙ্গেশ বলেন, এরূপ বলা যায় না। একইজ্ঞান ধর্মীর অংশে প্রমা ও প্রকার অংশে অপ্রমা হ'লে পরস্পরবিরুদ্ধ প্রমাত্ত্ব ও অপ্রমাত্ত্ব এই ধর্মদুটির একত্র সমাবেশ স্বীকার করতে হবে। দুটি বিরুদ্ধ বস্তুর একত্র সমাবেশ অবচ্ছেদকের ভেদ ছাড়া সম্ভব হ'তে পারে না এবং এইরূপ অনুভবও হয় না। (অবচ্ছেদক - ভেদং বিনা বিরুদ্ধয়োরেকত্র অসমাবেশাৎ অপ্রতীতেশ্চ।)।

বলা হ'তে পারে, জ্ঞানের বিষয়ই জ্ঞানে প্রমাত্ত্ব ও অপ্রমাত্ত্ববৃত্তিতার অবচ্ছেদক। ভ্রমজ্ঞানে অংশভেদে প্রমাত্ত্ব ও অপ্রমাত্ত্ব থাকতে পারে। জ্ঞানের বিষয়ই জ্ঞানের অংশ। বিষয়ই প্রমাত্ত্ব ও অপ্রমাত্ত্ব ধর্মের ভাগে বৃত্তিতার অবচ্ছেদক হবে। আংশিকভাবে বিষয়াবচ্ছেদে জ্ঞানে প্রমাত্ত্ব ও আংশিকভাবে বিষয়াবচ্ছেদে জ্ঞানে অপ্রমাত্ত্ব থাকবে। সুতরাং যে জ্ঞান (ভ্রমজ্ঞান) ধর্মীর অংশে প্রমা, সেইজ্ঞানই প্রকার অংশে অপ্রমা হ'তে পারবে।

কিন্তু গঙ্গেশের মতে উপরি-উক্ত পূর্বপক্ষ যুক্তিসঙ্গত নয়। জ্ঞানে প্রমাত্ত্বের বৃত্তিতার অবচ্ছেদক বিষয় হ'তে পারে না। যে বিষয়টি কোনও স্থলে (প্রমাজ্ঞানে) প্রমাত্ত্ববৃত্তির অবচ্ছেদক হয়েছে, সেই বিষয়টি ভ্রমজ্ঞানের বিষয় হয়। সুতরাং যে বিষয় কোনও স্থলে প্রমাত্ত্ববৃত্তির অবচ্ছেদক, সেই বিষয়টি আবার যদি কোনওস্থলে প্রমাত্ত্বের অভাবের বা অপ্রমাত্ত্বের অবচ্ছেদক হয়, তবে বিষয়কে জ্ঞানে প্রমাত্ত্বের বা অপ্রমাত্ত্বের অবচ্ছেদক বলা যায় না। (ন চ বিষয় এব অংশরূপ : প্রমাত্ত্ববৃত্তি অবচ্ছেদক : তদ্বিষয়ত্বস্য ভ্রমে অপি সত্ত্বাৎ।)।

যদি বলা হয়, বিশেষ্যে অবৃত্তি অপ্রকারত্ব জ্ঞানে প্রমাত্ত্ববৃত্তিতার অবচ্ছেদক, আর বিশেষ্যে অবৃত্তি প্রকারত্ব জ্ঞানে অপ্রমাত্ত্ব বৃত্তিতার অবচ্ছেদক। অর্থাৎ কোন জ্ঞানের যেটি প্রকার নয়, তার বৃত্তিতা জ্ঞানটির বিশেষ্যে থাকে না, এইরূপ বিশেষ্যে অবৃত্তি অপ্রকারত্ব জ্ঞানটির প্রমাত্ত্ববৃত্তিতার অবচ্ছেদক। আর কোন জ্ঞানের যেটি প্রকার, তা জ্ঞানটির বিশেষ্যে থাকে না, এইরূপ বিশেষ্যে অবৃত্তি প্রকারত্ব জ্ঞানটির অপ্রমাত্ত্ববৃত্তিতার অবচ্ছেদক।

গঙ্গেশের উত্তর হ'লে, তেমন হ'লে প্রমা-অপ্রমাজ্ঞানের লোকব্যবহারে ঐ দুটি ধর্মই (বিশেষ্যাবৃত্তি অপ্রকারত্ব ও বিশেষ্যাবৃত্তি প্রকারত্ব) আবশ্যিকীয় নিরূপক হবে। তাহ'লে প্রমাত্ত্ব জাতির দ্বারা প্রমা নিরূপণের কী প্রয়োজন ? (ননু বিশেষ্যাবৃত্তি - অপ্রকারত্বং বিশেষ্যাবৃত্তি - প্রকারত্বং চ প্রমাত্ত্ব- তদ্ - অভাবয়োবৃত্তি - অবচ্ছেদকম্ অস্তি ইতি চেৎ, তহি তয়োরেব প্রমাপ্রমাব্যবহার-জ্ঞানজনকত্বম্ অস্ত, আবশ্যাকত্বাৎ প্রথমোপস্থিতত্বাচ্চ, কিং জাত্যা, )।

সুতরাং অসিদ্ধ জাতি প্রমাত্ত্বের দ্বারা প্রমার লক্ষণ নিরূপণ অসম্ভব।

তাহ'লে প্রমার লক্ষণ অর্থাৎ ইতরব্যাবর্তক ধর্ম কী হবে ?

কেউ (যেমন, ভাট্ট মীমাংসক) বলেন, প্রমার লক্ষণ হ'ল যথার্থ অগৃহীতগ্রাহিত্ব । অর্থাৎ প্রমা হ'ল যথার্থভাবে অগৃহীতগ্রাহী জ্ঞান বা অনধিগত বিষয়ের জ্ঞান । (যথার্থগৃহীতগ্রাহিত্বং লোকসিদ্ধ প্রমাত্মম্।) । গঙ্গেশ এই লক্ষণ স্বীকার করেন না । কারণ ন্যায়মতে ধারাবাহিক জ্ঞানের (অবিচ্ছেদ্যে প্রতি ক্ষণে ক্ষণে এক বিষয়ের যে জ্ঞান) প্রতিটি ক্ষণের জ্ঞানই প্রমা । কিন্তু এইরূপ জ্ঞানের দ্বিতীয়াদি ক্ষণের জ্ঞানের বিষয় প্রথম ক্ষণের জ্ঞানের দ্বারা অধিগত হয়ে যায় । ফলে ধারাবাহিক জ্ঞানকে আর অনধিগত বিষয়ের জ্ঞান বলা যায় না । এই কারণে অনধিগতবিষয়ক-জ্ঞানত্ব প্রমার লক্ষণ হ'লে লক্ষণটির অব্যাপ্তি হয় ধারাবাহিক জ্ঞানে ।

ধারাবাহিক জ্ঞানস্থলে প্রতিটি ক্ষণের দ্বারা বিশিষ্ট হ'য়ে বিষয় জ্ঞানের বিষয় হতে পারে বলে দ্বিতীয়াদি ক্ষণের জ্ঞান অগৃহীতগ্রাহী বা অনধিগতবিষয়ক হবে এমন কথা নৈয়ায়িক গঙ্গেশ স্বীকার করেন না । তিনি উদয়নকে অনুসরণ করে মনে করেন ক্ষণ অতীন্দ্রিয়, কারণ কাল অতীন্দ্রিয় । সুতরাং ধারাবাহিক জ্ঞানের ক্ষেত্রে প্রতিটি ক্ষণবিশিষ্ট হ'য়ে বিষয়টির ভিন্ন ভিন্ন প্রত্যক্ষ জ্ঞান হ'তে পারে না । তাছাড়া কেবল একক্ষণবিশিষ্ট কোন বস্তুর (যেমন একটি স্তম্ভের) প্রত্যক্ষও হয় না । প্রত্যক্ষমাত্রই বর্তমানকালীন । বর্তমান কাল বলতে সূক্ষ্ম কোন ক্ষণ বোঝায় না, স্থূল কালকে বোঝায় । আর বস্তুর সূক্ষ্মত্ব, স্থূলত্ব এগুলি কালের কোন প্রকৃত ধর্ম নয়, উপাধিমাত্র । তবু তর্কের খাতিরে যদি অতীন্দ্রিয় স্থূল কালকেও প্রত্যক্ষজ্ঞানের বিষয় বলা হয়, তবে ধারাবাহিক জ্ঞানস্থলে দ্বিতীয়াদি জ্ঞান প্রথম জ্ঞানদ্বারা গৃহীত স্থূলকালবিষয়ক হওয়ায় গৃহীতগ্রাহী হয়ে যায় । ফলে অনধিগতবিষয়ক জ্ঞানত্বরূপ প্রমালক্ষণটির অব্যাপ্তি হয় ধারাবাহিক জ্ঞানে ।

আরও কথা, শ্রুতি থেকে যে শব্দজ্ঞান হয়, তা প্রমাজ্ঞান । উল্লিখিত প্রমালক্ষণের দ্বারা শ্রুতিজন্য শব্দজ্ঞানের প্রমাত্ব স্বীকার করা যাবে না । একই শ্রুতিবাক্য কোন ব্যক্তি আজ পাঠ করতে পারেন, আগামীকাল পাঠ করতে পারেন । অনধিগতবিষয়ক জ্ঞান প্রমাজ্ঞান হ'লে দ্বিতীয় দিনে পঠিত শ্রুতিবাক্য থেকে তাঁর প্রমাজ্ঞান হবে না । মীমাংসকমতে শ্রুতিই সর্বশ্রেষ্ঠ প্রমাণ । উল্লিখিত প্রমালক্ষণের দ্বারা সেই শ্রুতির প্রমাত্ব নিরূপিত হবে না ।

কেউ (যেমন, কোন কোন প্রাচীন নৈয়ায়িক) বলেন যথার্থানুভবই প্রমাত্ব বা প্রমার লক্ষণ । (যথার্থানুভবত্বং প্রমাত্মম্।) ।

গঙ্গেশের মতে যথার্থ অনুভবকে প্রমা বলা যায় না । 'যথার্থ' সাদৃশ্যবোধক শব্দ । অর্থ বলতে বিষয়কে বোঝায় । সাদৃশ্য দুপ্রকার হয় - সম্পূর্ণ ও আংশিক । বিষয়ের সঙ্গে অনুভবের বা জ্ঞানের সম্পূর্ণ সাদৃশ্য থাকতে পারে না । ঘটন জ্ঞানের বিষয় হয় বলে ঘট আমাদের জ্ঞানের বিষয় হয়, কারণ ঘট বলতে ঘটনবিশিষ্ট কোন বস্তুকেই বোঝায় । কিন্তু এই ঘটন আর ঘটনের জ্ঞানের মধ্যে সম্পূর্ণ সাদৃশ্য থাকতে পারে না । কারণ ঘটন থাকে ঘটে. আর ঘটনের জ্ঞান থাকে আত্মায় । আর যদি বিষয়ের সাথে জ্ঞানের আংশিক সাদৃশ্যের কথা বলা হয়, তবে বলা যায় যে ভ্রমজ্ঞানেও বিষয়ের সঙ্গে জ্ঞানের আংশিক সাদৃশ্য থাকে । পদার্থত্ব, সত্তা প্রভৃতির দিক থেকে ভ্রমজ্ঞানের সহিত তার বিষয়ের সাদৃশ্য থাকে । এইভাবে 'যথার্থ' পদটির আক্ষরিক অর্থ ব্যাখ্যা করে গঙ্গেশ দেখান যে প্রমাকে যথার্থ অনুভব বলা যায় না । প্রমা যথার্থ অনুভব বলে লক্ষিত হ'লে লক্ষণটির অব্যাপ্তি হয় ঘটের প্রমাজ্ঞানে, আবার অতিব্যাপ্তি হয় রজতের ভ্রমজ্ঞানে ।

কেউ বলেন গুণজন্য বা দোষাভাবজন্য অনুভবই প্রমা । (গুণজন্যানুভবত্বং প্রমাত্মম্।) । গুণ বা

দোষাভাব বলতে প্রত্যক্ষস্থলে নির্দোষ ইন্দ্রিয়াদি, অনুমিতিস্থলে সংহেতু, উপমিতিস্থলে যথার্থ সাদৃশ্যজ্ঞান এবং শব্দজ্ঞানস্থলে ভ্রম, প্রমাদ, বিপ্রলিঙ্গা ও ইন্দ্রিয়দৌর্বল্যরহিত আপ্তপুরুষের বাক্যকে বোঝায়।

গঙ্গেশের মতে প্রমার এইরূপ লক্ষণও সঙ্গত নয়। এই লক্ষণের দ্বারা প্রমা-অপ্রমা নিরূপণের জন্য কোন অনুগত ধর্ম আমরা পেতে পারি না। কারণ, এই লক্ষণের দ্বারা সব প্রমাই যে একই গুণ বা দোষাভাব থেকে উৎপন্ন, তা নির্দিষ্ট হয় না। অথচ লক্ষণটি প্রত্যক্ষ, অনুমিতি প্রভৃতি সব প্রমার জন্য নির্দেশিত।

তাছাড়া এই লক্ষণটিতে চক্রক দোষও আসে। (গোহ্বকে গরুর লক্ষণ করলে চক্রক দোষ হয়। কেন না গোরুর জ্ঞানের জন্য গোহ্বের জ্ঞান, গোহ্বের জ্ঞানের জন্য সাম্মার জ্ঞান, আবার সাম্মার জ্ঞানের জন্য গোরুর জ্ঞানের আবশ্যিক হয়।)। আলোচ্য লক্ষণটির ক্ষেত্রে প্রমার জ্ঞানের জন্য গুণজন্যত্ব বা দোষাভাবজন্যত্বের জ্ঞান, গুণজন্যত্ব বা দোষাভাবজন্যত্বের জ্ঞানের জন্য গুণ বা দোষের জ্ঞান, আবার গুণ বা দোষের জ্ঞানের জন্য প্রমা ও অপ্রমার জ্ঞান আবশ্যিক হয়।

কেউ বলেন, অবাধিত-অনুভবত্বই প্রমার লক্ষণ। (অবাধিতানুভবত্বং প্রমাত্বম্)। অর্থাৎ অবাধিত বিষয়ের অনুভবই প্রমাজ্ঞান।

গঙ্গেশ বলেন, এই প্রমালক্ষণটি আত্মাশ্রয় দোষে দুষ্ট। ('গোরু' এই লক্ষ্যের আশ্রয়ে গো-ভিন্দে অবৃত্তি সকল গো-তে বৃত্তি জাতি গোহ্ব থাকে বলেও গোহ্বকে গোরুর লক্ষণ করা যায় না। আত্মাশ্রয় দোষ হয়।)। শুক্তি-রজত ভ্রমস্থলে 'না, এইটি রজত নয়' - এই যে বাধক জ্ঞান, এইটি অবাধিত এবং প্রমা। প্রমার লক্ষণ যদি অবাধিত অনুভব হয়, তবে এই অবাধিত অনুভবের বিষয়টি বাধকজ্ঞানরূপ প্রমাতেই আশ্রিত বলে স্বীকার করতে হবে। এইভাবে লক্ষণটিতে আত্মাশ্রয় দোষ আসবে।

এখানে গঙ্গেশের অভিপ্রায় এই যে বাধিত অনুভবকে প্রসঙ্গে এনে প্রমার লক্ষণ নিরূপণ করা যায় না। কেন না বাধক জ্ঞানরূপ প্রমাজ্ঞানের দ্বারাই একটি অনুভব বাধিত হয়।

কেউ বলেন সম্বাদি-অনুভবত্ব প্রমার লক্ষণ (সম্বাদানুভবত্বং প্রমাত্বম্)। জ্ঞানান্তরের অনুরূপ বা জ্ঞানান্তরের দ্বারা সমর্থিত যে অনুভব, তা সম্বাদি-অনুভব।

গঙ্গেশের মতে প্রমার এই লক্ষণটির ভ্রমজ্ঞানে অভিব্যাপ্তি হয়। কারণ ভ্রমজ্ঞানও বাধক প্রমাজ্ঞান উৎপত্তির পূর্বে পূর্বভ্রমের সমানবিষয়ক ভ্রমান্তরের দ্বারা সমর্থিত হয়। অতএব জ্ঞানান্তরের দ্বারা সমর্থিত অনুভব ভ্রমও হয়।

কেউ (যেমন, বৌদ্ধ ধর্মকীর্তি) বলেন, প্রমাত্ব বলতে বোঝায় সমর্থপ্রবৃত্তিজনকত্ব। অর্থাৎ সফলপ্রবৃত্তির জনক যে অনুভব, তা প্রমা। (সমর্থপ্রবৃত্তিজনকানুভবত্বং প্রমাত্বম্)।

গঙ্গেশ বলেন, প্রমার এই লক্ষণের অব্যাপ্তি হয় উপেক্ষাত্মক জ্ঞানে। তাছাড়া, এই লক্ষণে আত্মাশ্রয় দোষও আসে। বস্তুত লক্ষণ যদি লক্ষ্যকে আশ্রয় করে, তবেই হয় আত্মাশ্রয়। সমর্থপ্রবৃত্তিজনকত্ব প্রমাজ্ঞানকেই আশ্রয় করে অর্থাৎ অপেক্ষা করে। সমর্থপ্রবৃত্তিজনকত্বের জ্ঞানের বিষয়টি আসলে প্রমাজ্ঞানেরই বিষয়। কেন না যা প্রমা নয়, তা সমর্থপ্রবৃত্তিজনক নয়, এইরূপ ব্যতিরেকী ব্যাপ্তির দ্বারাই

নৈয়ায়িক জ্ঞানের প্রামাণ্য অনুমান করে থাকেন।

কেউ বলেন, তত্ত্বানুভবই প্রমাদ্ব। (তত্ত্বানুভবত্বং প্রমাদ্বম্)। তত্ত্ব অর্থাৎ বাস্তব জগতের বস্তুর অনুভবই প্রমা।

গঙ্গেশ বলেন, প্রমার এইরূপ লক্ষণ অতিব্যাপ্তি দোষে দুষ্ট। ভ্রমজ্ঞানের বিষয়ও বাস্তব জগতের বস্তুই হয়।

কেউ বলেন, প্রমা হ'ল এমন অনুভব, যার প্রকারীভূত ধর্মটি বিশেষ্যে আশ্রিত অত্যন্তাভাবের অপ্রতিযোগী। অর্থাৎ কোন অনুভব তখনই প্রমা হবে, যখন তার প্রকারীভূত ধর্মটির অভাব তার বিশেষ্য-অংশে থাকবে না। (বিশেষ্যানিষ্ঠাত্যন্তাভাবা প্রতিযোগিধর্মপ্রকারানুভবত্বং প্রমাদ্বম্)।

কিন্তু গঙ্গেশের মতে, 'বৃক্ষটি কপিসংযোগী' এইরূপ প্রমাজ্ঞানে এই লক্ষণের অব্যাপ্তি হয়। সংযোগ অব্যাপ্যবৃত্তি গুণ। বৃক্ষের শাখাবচ্ছেদে কপিসংযোগ থাকলেও, মূলাবচ্ছেদে থাকে না। সুতরাং এই প্রমাজ্ঞানটির প্রকারীভূত ধর্ম যে কপিসংযোগ তার অভাব কোন না কোনভাবে বিশেষ্য অংশ বৃক্ষে থাকে। ফলে এই জ্ঞানটির প্রকারীভূত ধর্মটি একভাবে বিশেষ্যে আশ্রিত অত্যন্তাভাবের প্রতিযোগী হয়, অপ্রতিযোগী হয় না। কেন না, যার অভাব থাকে, তারই প্রতিযোগী পাওয়া যায়।

কেউ বলেন, প্রমা হ'ল এমন জ্ঞান যার প্রকারীভূত ধর্মটি জ্ঞানটির বিশেষ্যে আশ্রিত অন্যান্যভাব বা ভেদের প্রতিযোগিতাবচ্ছেদক ধর্ম নয়। (বিশেষ্যবৃত্তি - অন্যান্যভাব প্রতিযোগিতাবচ্ছেদক ধর্ম প্রকারকানুভবত্বং প্রমাদ্বম্)।

গঙ্গেশ বলেন, এই লক্ষণটিও 'বৃক্ষটি কপিসংযোগী' এইরূপ অব্যাপ্যবৃত্তি গুণবিষয়ক প্রমাজ্ঞানে প্রযুক্ত হয় না। বৃক্ষটি শাখাবচ্ছেদে কপিসংযোগী, কিন্তু মূলাবচ্ছেদে কপিসংযোগী নয় - কপিসংযোগী থেকে ভিন্ন। সুতরাং মূলাবচ্ছেদে বৃক্ষটিতে কপিসংযোগীর ভেদ বা অন্যান্যভাব আছে। এই ভেদ বা অন্যান্যভাবের প্রতিযোগী হ'ল কপিসংযোগী, প্রতিযোগিতাবচ্ছেদক ধর্ম হ'ল কপিসংযোগ। 'বৃক্ষটি কপিসংযোগী' - এই জ্ঞানের প্রকারীভূত ধর্ম হ'ল কপিসংযোগ, এই ধর্মটি একভাবে জ্ঞানটির বিশেষ্যে আশ্রিত ভেদ বা অন্যান্যভাবের (কপিসংযোগি ভেদ বা কপিসংযোগি - অন্যান্যভাব) প্রতিযোগিতাবচ্ছেদক ধর্মই (কপিসংযোগ) হয়। সুতরাং উল্লিখিত প্রমালক্ষণটিতে অব্যাপ্তি দোষ আসে।

কেউ বলতে পারে, প্রমা হ'ল বিশেষ্য-অবৃত্তি-অপ্রকারক - অনুভব। অর্থাৎ প্রমা হ'ল সেই জ্ঞান যার প্রকারীভূত ধর্মটি এমন নয়, যা জ্ঞানটির বিশেষ্যে আশ্রিত ধর্ম নয়। (বিশেষ্যবৃত্তি-অপ্রকারকানুভবত্বং প্রমাদ্বম্)।

গঙ্গেশের মতে এইটি প্রমার লক্ষণ হ'তে পারে না। "এইগুলি ঘট ও পট" - এই যথার্থ সমূহালম্বন জ্ঞানে এই লক্ষণের অব্যাপ্তি হয়। এখানে দুটি প্রকারীভূত ধর্ম আছে - ঘট ও পট। এই দুটি ধর্ম সমূহের অন্তর্গত প্রতিটি বিশেষ্য - ব্যক্তিতে অর্থাৎ পৃথক পৃথকভাবে ঘটে ও পটে থাকে না। ঘট পটে থাকে না, পট ঘট থাকে না। এক্ষেত্রে বলা যাবে না যে এই জ্ঞানটির প্রকারীভূত ধর্মটি এমন নয়, যা জ্ঞানটির বিশেষ্যে আশ্রিত ধর্ম নয়। অর্থাৎ জ্ঞানটির যা প্রকারীভূত ধর্ম তা-ই বিশেষ্যে আশ্রিত ধর্ম এইরূপ বলা যাবে না।

আবার, রঙ্গ ও রজতকে অবলম্বন ক'রে যখন 'এইগুলি রজত' - এইরূপ যে ভ্রান্ত সমূহালম্বন

জ্ঞান হয়, সেই জ্ঞানেও এই লক্ষণের অতিব্যাপ্তি হয়। কারণ এই জ্ঞানের প্রকারীভূত ধর্ম যা নয় (রঙ্গত্ব নয়, বজত্ব) তা জ্ঞানটির বিশেষ্যে আশ্রিত ধর্ম নয়, এমন বলা যায়। অর্থাৎ জ্ঞানটির প্রকারীভূত ধর্ম যে রঙ্গত্ব তা বিশেষ্যে আশ্রিত ধর্মও হয়।

নব্য ন্যায়ের পরিভাষায় জ্ঞানের বিশেষ্যটি হ'ল বিষয়, আর প্রকারীভূত ধর্মটি হ'ল প্রকার। গঙ্গেশের মতে বিষয়ের ধর্ম যে বিষয়তা, তা জ্ঞানের বিশেষ্য হিসাবে উদ্দিষ্ট বাস্তব বস্তুটির আশ্রয়ে থাকে। আর বস্তুটির জ্ঞান বা অনুভব হয় এই বিষয়তার প্রতিযোগী। বিষয়তা হ'ল এক বিশেষ ধরণের বিশেষণতা যা জ্ঞানের উদ্দিষ্ট বিশেষ্য বস্তুটিতেই থাকে। জ্ঞানের যেটি প্রকার, তার যে ধর্ম, তাকে বলে প্রকারতা। এই প্রকারতাও একপ্রকার বিশেষণতা, যার দ্বারা কোন একটি বিশেষ্য বস্তুই বিশেষিত হয়। কিন্তু প্রকারতা জ্ঞানের বিশেষ্য বস্তুটিতে আশ্রিত থাকে না, থাকে প্রকারের বা প্রকারীভূত ধর্মের জ্ঞানে। এই কারণে বিষয়তা প্রকারতা থেকে ভিন্ন, বিষয়তা সরাসরি জ্ঞানের বিশেষ্য-বস্তুটিতে থাকে।

এখন এই বিষয়তাকে কেন্দ্র করে কেউ কেউ (কোন কোন নব্য নৈয়ায়িক) প্রমার এইরকম কয়েকটি লক্ষণ দিতে পারেন :

প্রমা হ'ল সেই অনুভব, যার প্রকারটি তার বিষয়তার সহিত সমান অধিকরণে থাকে। (বিষয়তা-সমানাধিকরণ-প্রকারতানুভব: প্রমা।)।

বা, প্রমা হ'ল সেই অনুভব, যা এমন বিষয়তার প্রতিযোগী, যে বিষয়তাটি অনুভবটির প্রকারের সহিত একই অধিকরণে থাকে। (প্রকারসমানাধিকরণ-বিষয়তা-প্রতিযোগি-অনুভবঃ প্রমা।)।

কিংবা প্রমা হ'ল সেই অনুভব, যা এমন বিষয়তার প্রতিযোগী, যে বিষয়তাটি একটি প্রকারীভূত ধর্মের সহিত একই অধিকরণে থাকে। (স্ব-সমানাধিকরণ-ধর্ম-প্রকারক-বিষয়তা-প্রতিযোগি-অনুভবঃ প্রমা।)।

অথবা, প্রমা হ'ল সেই অনুভব, যার বিষয়তাটি এমন একটি প্রকারীভূত ধর্মের দ্বারা অবচ্ছিন্ন হয়, যে ধর্মটি বিষয়তা যে অধিকরণে থাকে সেই একই অধিকরণেই থাকে। (স্ব-সমানাধিকরণ-ধর্মাবচ্ছিন্ন-বিষয়তা-প্রতিযোগি-অনুভবঃ প্রমা।)।

কিন্তু গঙ্গেশের মতে প্রমার এই জাতীয় লক্ষণ গ্রহণযোগ্য হ'তে পারে না প্রধানত দুটি যুক্তিতে: প্রথমত, পূর্বপক্ষিণের মতে নির্বিকল্পক জ্ঞান প্রমা, এইরূপ ভেবে গঙ্গেশ বলেন উল্লিখিত চারটি লক্ষণের কোনটিই নির্বিকল্পক জ্ঞানে প্রযুক্ত হ'তে পারে না। কারণ নির্বিকল্পক জ্ঞানে প্রকারতা থাকে না, প্রকারের সহিত বিশেষ্য বস্তুর বিষয়তার কোনরূপ সম্পর্ক থাকে না। ফলে প্রকার বা প্রকারীভূত ধর্মের সহিত বিষয়তার কোনভাবে একই অধিকরণে থাকার জ্ঞান হতে পারে না।

দ্বিতীয়ত, উল্লিখিত লক্ষণগুলি ভ্রমজ্ঞানেও প্রযুক্ত হয়ে যায়, লক্ষণগুলি গ্রহণ করলে ভ্রমজ্ঞানেরও প্রমাত্ব প্রসঙ্গ এসে যায়। শুক্তিতে যখন 'ইদং রজতম্' বা 'রজতম্ ইদম্' (এইটি রজত বা রজত এইটি) এইরূপ ভ্রমজ্ঞান হয়, তখন 'ইদন্তা' (ইদম্-এর ধর্ম) প্রকার, কারণ বিশেষ্য বস্তু রজতের বিশেষণ হ'ল 'ইদম্' (এইটি)। এখন এই ভ্রমজ্ঞানের প্রকার ইদন্তা, জ্ঞানটির বিশেষ্য বস্তু যে শুক্তি তাতে থাকা বিষয়তার সহিত সমান অধিকরণেই থাকে। অর্থাৎ ভ্রমজ্ঞানেরও 'ইদন্তা' নামক প্রকার থাকতে পারে যা জ্ঞানটির প্রতিযোগী বিষয়তার সহিত সমান অধিকরণে থাকে। ফলে উল্লিখিত লক্ষণগুলির

এভাবে বিষয়তা-ঘটিত প্রমার লক্ষণগুলিতে অব্যাপ্তি ও অতিব্যাপ্তি দোষ এসে যায় ।

গঙ্গেশ আরও অনেকগুলি (নয়টি) প্রমার লক্ষণ বিচার করেছেন প্রমালক্ষণপূর্বপক্ষ অংশে । তারপর প্রমালক্ষণসিদ্ধান্ত অংশে নিজ অভিমত প্রমার পর পর একজাতীয় দুটি লক্ষণ দিয়েছেন ।

প্রথম লক্ষণটি হ'ল, 'যত্র যদস্তি তত্র তস্য অনুভবঃ প্রমা ।' প্রমালক্ষণটির সহজ অর্থ হ'ল, যেখানে যা আছে, সেখানে তার অনুভব প্রমা । ঘটকে যখন ঘট বলে জ্ঞান হয়, তখন সেটি হয় প্রমাজ্ঞান । কারণ, এই ঘটজ্ঞানস্থলে ঘট নামক বস্তুটিতে যে ঘটন্ব আছে, সেই বস্তুটিতে সেই ঘটনের অনুভব হয় । তদ্বচ্ছিন্নামগির রহস্যটীকাকার মথুরানাথ তর্কবাগীশ বলেন, এই লক্ষণে 'যেখানে যা আছে' এই বাক্যাংশে কোনকিছুর (ধর্মের) যে অস্তিত্ব তা কেবল আধেয়ত্ব নয়, যে কোনরূপ সম্বন্ধিত্বই এই অস্তিত্বের অর্থ । অর্থাৎ লক্ষণটির এইরূপ অর্থই হওয়াই দরকার : যেখানে যা সম্বন্ধী (সম্বন্ধযুক্ত) সেখানে সেই সম্বন্ধীর অনুভব প্রমা । অন্যথায় 'গগনে শব্দ' এই প্রমাজ্ঞানে লক্ষণটির অব্যাপ্তি হয়, কারণ শব্দ গগনে আধেয় হয় না, কিন্তু শব্দ গগনে সম্বন্ধী হয় ।

এখন, 'যত্র যদস্তি তত্র তস্য অনুভবঃ প্রমা ।' অর্থাৎ যেখানে যা আছে সেখানে তার অনুভব প্রমা । এই যদি লক্ষণ হয়, তবে তদ্বিশেষ্যক জ্ঞানকেও প্রমা বলা যায় । ঘটে যখন ঘটের জ্ঞান হয়, তখন ঘট নামক বস্তুটি বিশেষ্য, ঘটন্ব নামক জাতিটি প্রকার । 'যেখানে যা আছে, সেখানে তার অনুভব' বলতে যেখানে ঘট আছে, সেখানে ঘটের অনুভব বোঝা যেতে পারে । ঘট বিশেষ্য যে জ্ঞানের তাকে বলে ঘটবিশেষ্যক জ্ঞান । সুতরাং ঘটের প্রমাজ্ঞানটিকে কেবল ঘটবিশেষ্যক জ্ঞান বলা যায় । কিন্তু একইভাবে আবার 'যেখানে যা আছে, সেখানে তার অনুভব' বলতে যেখানে ঘটন্ব আছে, সেখানে সেই ঘটনের অনুভবও বোঝা যেতে পারে । ঘটন্ব প্রকার যে জ্ঞানের তাকে বলে ঘটন্বপ্রকারক জ্ঞান । সুতরাং ঘটের প্রমাজ্ঞানটিকে ঘটন্বপ্রকারক জ্ঞানও বলা যায় । এইভাবে 'যত্র যদস্তি তত্র তস্য অনুভবঃ' বলতে একদিক থেকে যেমন তদ্বিশেষ্যক জ্ঞান বোঝায়, তেমনি অন্যদিক থেকে তদ্বপ্রকারক জ্ঞানও বোঝায় । এইরূপ অসামঞ্জস্য দূর করার জন্যই গঙ্গেশ প্রমার দ্বিতীয় লক্ষণটি দিয়েছেন । এইরূপ মনে করেন রহস্যটীকাকার মথুরানাথ । প্রমার সেই দ্বিতীয় লক্ষণটি হ'ল, 'তদ্বতি তৎপ্রকারকানুভবঃ ।' অর্থাৎ প্রমা হ'ল সেই অনুভব, যে অনুভবে প্রকারীভূত ধর্মের আশ্রয়টি বিশেষ্য হয় এবং ঐ ধর্মটি তার (অনুভবটির) প্রকার হয় । যেমন ঘটরূপে ঘটের অনুভব । এখানে প্রকারীভূত ধর্ম ঘটনের আশ্রয় যে ঘট, তা বিশেষ্য এবং ঐ ধর্ম ঘটন্বটি প্রকার । কিন্তু শুক্তিকে যখন রজত বলে অনুভব হয়, তখন ঐ অনুভবের প্রকারীভূত ধর্ম রজতত্ব, কিন্তু বিশেষ্য শুক্তি । শুক্তি প্রকারীভূত ধর্ম যে রজতত্ব তার আশ্রয় নয় । এই কারণে শুক্তিতে যে রজতের জ্ঞান, তা প্রমাজ্ঞান নয় - তা অপ্রমাজ্ঞান ।

এইরূপ ব্যাখ্যায় 'তদ্বতি তৎপ্রকারক অনুভব' বলতে বোঝায় 'তদবদ্বিশেষ্যক তৎপ্রকারক অনুভব' দৃষ্টান্তসহ বলা যায় ঘটের প্রমাজ্ঞানটি হবে ঘটন্ববদ্বিশেষ্যক ঘটন্বপ্রকারক অনুভব । অর্থাৎ এই দ্বিতীয় লক্ষণের দ্বারা ঘটের প্রমাজ্ঞানটিকে আর কেবল ঘটন্ববদ্বিশেষ্যক বা ঘটবিশেষ্যক জ্ঞান বলা হচ্ছে না, কিংবা কেবল ঘটন্বপ্রকারক জ্ঞান বলা হচ্ছে না, বলা হচ্ছে ঘটন্ববদ্বিশেষ্যক ঘটন্বপ্রকারক জ্ঞান । এরদ্বারা প্রথম লক্ষণে যে অসামঞ্জস্যের আশংকা করা হয়েছিল, তা নিবারিত হয় ।

ভাষ্যপরিচ্ছেদেও বিশ্বনাথ প্রথমে সহজবোধ্য ভ্রমভিন্ন জ্ঞানকে প্রমা (ভ্রমভিন্ন জ্ঞানমত্রোচ্যতে প্রমা ॥) ব'লে পরক্ষণেই বললেন : তৎপ্রকারং যজ্জ্ঞানং তদ্বিশেষ্যকম্ । তৎ প্রমা, ... ) । ভ্রমভিন্ন

জ্ঞানকে প্রমা বললে, শক্তি ও রজত এই উভয়কে লক্ষ্য করে যে 'এই দুইটি রজত' - এই সমূহালম্বন ভ্রম হয় তাতে লক্ষণটির অতিব্যাপ্তি হয়। কেননা এইরূপে জ্ঞানে রজতাংশে তো জ্ঞানটিকে ভ্রমভিন্ন জ্ঞান বলাই যায়। তবু এইরূপস্থলে 'এই দুইটি রজত' জ্ঞানটি তো আর ভ্রমভিন্ন জ্ঞান নয়, সমূহালম্বন ভ্রমজ্ঞান। এই কারণে বিশ্বনাথ ভাষ্যপরিচ্ছেদে গঙ্গেশপ্রদত্ত লক্ষণটি স্মরণ ক'রে সিদ্ধান্তমুক্তাবলীতে ঐ লক্ষণের স্পষ্টরূপ দিলেন : 'তদ্বিশেষ্যকল্পে সতি তৎপ্রকারকং জ্ঞানং প্রমেতার্থঃ।' অর্থাৎ তদ্বিশেষ্যক যে তৎপ্রকারক জ্ঞান, তা প্রমা।

কিন্তু মথুরানাথের মতে 'তদ্বতি তৎপ্রকারক অনুভব' বলতে যদি 'তদ্বদ্বিশেষ্যক তৎপ্রকারক অনুভব' বোঝা হয় তাহ'লে বিপরীত সমূহালম্বন ভ্রমে এইরূপ প্রমালক্ষণের অতিব্যাপ্তি হয়। যেখানে শক্তি ও রজত একত্র আছে - সেইস্থান পর্য্যন্ত করে যদি রজতকে শক্তিরূপে এবং শক্তিকে রজতরূপে ভ্রম হয়, তবে সেখানে বিপরীতসমূহালম্বনভ্রম হয়। এইরূপ ভ্রমজ্ঞানে প্রকারীভূত ধর্ম শক্তির আশ্রয় যে শক্তি, সেই শক্তিই রজতত্ব অংশে বিশেষ্য (কারণ রজতকেই শক্তিরূপে ভ্রম হচ্ছে)। আবার প্রকারীভূত ধর্ম রজতত্বের আশ্রয় যে রজত, তা শক্তিত্ব অংশেই বিশেষ্য (কারণ, শক্তিকেই রজতরূপে ভ্রম হচ্ছে)।

এইরূপ ভ্রমকালে প্রকারীভূত ধর্ম শক্তির আশ্রয় যে শক্তি, সেই শক্তিই রজতত্ব অংশে বিশেষ্য, আর রজতে শক্তিত্বটি প্রকার। সুতরাং জ্ঞানটি শক্তিত্ববদ্বিশেষ্যক শক্তিত্বপ্রকারক জ্ঞান। আবার এই ভ্রমকালে প্রকারীভূত রজতত্বের আশ্রয় যে রজত, সেই রজতই শক্তিত্ব অংশে বিশেষ্য হয় এবং শক্তিতে রজতত্বটি প্রকার হয়। সুতরাং জ্ঞানটি হয় রজতত্ববদ্বিশেষ্যক রজতত্বপ্রকারক জ্ঞান। অর্থাৎ উল্লিখিত বিপরীতসমূহালম্বন ভ্রমজ্ঞানে - শক্তি ও রজত, এই দুইটি বিষয় যখন জ্ঞানটির অবলম্বন, তখন জ্ঞানটি যেমন শক্তিত্ববদ্বিশেষ্যক শক্তিত্বপ্রকারক জ্ঞান, তেমনই জ্ঞানটি রজতত্ববদ্বিশেষ্যক রজতত্বপ্রকারক জ্ঞানও হয়। অর্থাৎ এই সমূহালম্বনভ্রমজ্ঞান শক্তিবিশেষ্যক প্রমাজ্ঞান হয় এবং রজতবিশেষ্যক প্রমাজ্ঞান হয়। জ্ঞানটি দুইটি বিষয়েরই তদ্বদ্বিশেষ্যক তৎপ্রকারক জ্ঞান। ফলে তদ্বতি তৎপ্রকারক অনুভবকে তদ্বদ্বিশেষ্যক তৎপ্রকারক অনুভব বললেও প্রমালক্ষণটিকে নির্দোষ হয় না, লক্ষণটিতে অতিব্যাপ্তি দোষ এসে যায়।

এইরূপ বিবেচনা করে মথুরানাথ বলেছেন যে গঙ্গেশ প্রদত্ত 'তদ্বতি তৎপ্রকারক অনুভব'-রূপ প্রমালক্ষণটিকে 'তদ্বদ্বিশেষ্যক তৎপ্রকারক অনুভব' বুঝলেই চলবে না। 'তদ্বতি তৎপ্রকারক অনুভব' বলতে বুঝতে হবে 'তদ্বদ্বিশেষ্যকত্বাবচ্ছিন্ন তৎপ্রকারকতালী অনুভব।' এইজন্য মথুরানাথ তত্ত্বচিন্তামনির রহস্যটীকায় নব্যন্যায়সম্মত প্রমার লক্ষণ দিলেন এইরূপ 'তদ্বদ্বিশেষ্যকত্বাবচ্ছিন্ন তৎপ্রকারতাল্যানুভবস্তৎপ্রমা।' অর্থাৎ তদ্বদ্বিশেষ্যকত্বের দ্বারা অবচ্ছিন্ন তৎপ্রকারকত্ববান্ যে অনুভব, তা প্রমা। কোন অনুভবে বিশেষ্য যেমন থাকে, তেমনই ঐ বিশেষ্যে প্রকার হিসাবে কোন ধর্ম থাকে। প্রমাজ্ঞানে যেটি প্রকার হয়, সেইটি ঐ জ্ঞানের বিশেষ্যের আশ্রয়ে থাকে। তাই প্রমাজ্ঞানকে তদ্বদ্বিশেষ্যক তৎপ্রকারক অনুভব বলা হয়। অর্থাৎ ঐ জ্ঞানে তদ্বদ্বিশেষ্যকত্ব ও তৎপ্রকারকত্ব থাকে। এখন, মথুরানাথের লক্ষণটিতে বলা হচ্ছে যে ঐ জ্ঞানে যে বিশেষ্যকত্ব ও প্রকারকত্ব থাকে, তারা পরস্পর একটির দ্বারা অপরটি অবচ্ছিন্ন হয়। এখানে বিশেষ্যকত্বটির দ্বারা প্রকারকত্বটি অবচ্ছিন্ন হওয়ার অর্থ প্রকারকত্বটির দ্বারা বিশেষ্যকত্বটির অবচ্ছিন্ন হওয়া। 'পর্বতটি বহিমান' - এইটি একটি প্রমাজ্ঞান। এই জ্ঞানে বিশেষ্য পর্বত, প্রকার বহি। এই জ্ঞানটি হল বহিমৎপর্বত বিশেষ্যক বহিপ্রকারক জ্ঞান। এখানে বহিপ্রকারকত্বটি বহিমৎপর্বতবিশেষ্যকত্বের দ্বারা অবচ্ছিন্ন হয়। সহজ কথায় প্রমাজ্ঞানের ক্ষেত্রে যে বিশেষ্যে যে প্রকার বা বিশেষ্যটি প্রযুক্ত হয়, সেই বিশেষ্যটির দ্বারা সেই প্রকারটি যেমন অবচ্ছিন্ন বা





যে সম্বন্ধের দ্বারা বিশেষ্যের দ্বারা অবচ্ছিন্ন হয়, সেই সম্বন্ধে ঐ প্রকারের আশ্রয় যে অনুভব, তা-ই প্রমা।

মুক্তাবলীকার বিশৃঙ্খলিত প্রসঙ্গটি এভাবে বুঝিয়েছেন। যে সম্বন্ধে যা কোন অধিকরণে থাকে, সেই সম্বন্ধেই তদ্বদ্বিশেষ্যকল্প এবং সেই সম্বন্ধেই তৎপ্রকারকল্প বুঝতে হবে (যেন সম্বন্ধে যদ্বত্তা, তেন সম্বন্ধে তদ্বদ্বিশেষ্যকল্প তেন সম্বন্ধে তৎপ্রকারকল্প বাচম...)। সমবায়সম্বন্ধে কপাল অধিকরণে ঘট থাকে। সমবায়সম্বন্ধে ঘটবৎ কপালবিশেষ্য ও সমবায়সম্বন্ধে ঘটপ্রকারক ‘কপাল সমবায়সম্বন্ধে ঘটবিশিষ্ট’ এইরূপ জ্ঞান প্রমা হবে। ফলে সংযোগ সম্বন্ধে কপালে ঘটজ্ঞানরূপ ভ্রমজ্ঞানে প্রমালক্ষণের অতিব্যাপ্তি হবে না। (কপালে ঘটসমবায় সম্বন্ধে থাকে, সংযোগ সম্বন্ধে থাকে না, তাই কপাল সংযোগসম্বন্ধে ঘটবিশিষ্ট’ এই জ্ঞান ভ্রমজ্ঞান)।

যদি বলা হয়, উল্লিখিত লক্ষণ অনুযায়ী ‘বৃক্ষ কপিসংযোগী’ এই জ্ঞান ভ্রম ও প্রমা উভয়ই হবে। কেন না মূলাবচ্ছেদে কপিসংযোগভাব থাকায় জ্ঞানটি কপিসংযোগবাবদ্বিশেষ্যক হয়, অথচ কপিসংযোগপ্রকারক হয়, ফলে জ্ঞানটি ভ্রম হয়। আবার শাখাবচ্ছেদে কপিসংযোগ থাকায় জ্ঞানটি কপিসংযোগবদ্বিশেষ্যক এবং কপিসংযোগপ্রকারক হওয়ায় প্রমা হয়। মুক্তাবলীকার বলছেন, এমন কথা বলা যায় না। প্রতিযোগিব্যাদিকরণ যে কপিসংযোগভাব, সেই কপিসংযোগভাবাধিকরণে বর্তমান কপিসংযোগজ্ঞানই ভ্রম। আপত্তি উঠতে পারে, মূলাবচ্ছেদে বৃক্ষবৃদ্ধি কপিসংযোগভাব প্রতিযোগিব্যাদিকরণ অভাব নয়, প্রতিযোগিসমানাধিকরণ অভাব। সুতরাং মূলাবচ্ছেদে বৃক্ষবৃদ্ধি কপিসংযোগভাবস্থলে ‘বৃক্ষ কপিসংযোগী’ এইরূপ জ্ঞানকেও ভ্রম বলা যাবে না। কারণ, প্রতিযোগিব্যাদিকরণ কপিসংযোগভাবের অধিকরণে বর্তমান জ্ঞানকেই ভ্রম বলা হচ্ছে। এইস্থলে বৃক্ষবৃদ্ধি কপিসংযোগভাব (মূলাবচ্ছেদে বৃক্ষবৃদ্ধি কপিসংযোগভাব) প্রতিযোগিসমানাধিকরণ হয় বলা হচ্ছে। ফলে প্রতিযোগিসমানাধিকরণ কপিসংযোগভাবের অধিকরণ বৃক্ষে বর্তমান কপিসংযোগের জ্ঞানকে ভ্রম বলা যায় না। মুক্তাবলীকার পূর্বেক্ত যুক্তিতে এই আপত্তি দূর করেন। তাঁর মতে কপিসংযোগভাবাবচ্ছেদে অর্থাৎ মূলাবচ্ছেদে (বৃক্ষের মূলে কপিসংযোগের অভাব থাকে) বৃক্ষবৃদ্ধি কপিসংযোগের জ্ঞানটিকেই ভ্রম বলে স্বীকার করতে হবে। এইরূপ মূলে লক্ষ্যভ্রমের কোন অনুগত ধর্ম না থাকায়, লক্ষণের অনুগম না হ’লেও লক্ষণের অব্যাপ্তি হয় বলা যাবে না। আর কপিসংযোগাবচ্ছেদে অর্থাৎ শাখাবচ্ছেদে (বৃক্ষের শাখায় কপিসংযোগ থাকে) বৃক্ষবৃদ্ধি কপিসংযোগের জ্ঞানটিকে প্রমা বলতে হবে। শাখাবচ্ছেদেই যেহেতু কপিসংযোগের জ্ঞান হওয়াটাই স্বাভাবিক সেহেতু ‘বৃক্ষ কপিসংযোগী’ জ্ঞানটিকে ভ্রম ও প্রমা না বলে প্রমা বলাই উচিত।

এখন একটি প্রশ্ন উঠতে পারে। ন্যায়মতে জ্ঞান যেমন সবিবকল্পক হয়, তেমনই নির্বিকল্পকও হয়। নির্বিকল্পক জ্ঞানকে ভ্রম বলা যায় না। যা ভ্রমভিন্ন জ্ঞান, তাকে প্রমা বলা যায়। কিন্তু তদ্বতি তৎপ্রকারক অনুভব বা তদ্বদ্বিশেষ্যকল্পাবচ্ছিন্ন তৎপ্রকারকতালী অনুভব - প্রমার লক্ষণ যা-ই হোক না কেন, এই লক্ষণ নির্বিকল্পকজ্ঞানে প্রযুক্ত হ’তে পারে না। সুতরাং এই প্রমালক্ষণের নির্বিকল্পক জ্ঞানে অব্যাপ্তি হয়। কারণটি হ’ল এই যে, নির্বিকল্পকজ্ঞান নিস্প্রকারক জ্ঞান, এই জ্ঞানে বিশেষ্য বা প্রকারের পরিচিতি থাকে না। এদের সম্বন্ধের জ্ঞান হয় না। ফলে নির্বিকল্পকজ্ঞানে বিশেষ্যকল্প ও প্রকারকল্প থাকে না। এই কারণে এই জ্ঞানে প্রকারীভূত ধর্মটির আশ্রয় যে বিশেষ্য এবং ঐ ধর্মটিই যে জ্ঞানটির প্রকার, তা বোঝা যায় না। আর এর ফলে এই জ্ঞানটি বা তৎবদ্বিশেষ্যকল্পাবচ্ছিন্ন তৎপ্রকারকতালী অনুভবও হ’তে পারে না। তাহ’লে কি নির্বিকল্পক জ্ঞান প্রমা নয়?

এই আশংকা করেই গঙ্গেশ বলেছেন, ‘নির্বিকল্পকশ্চ প্রমাপ্রমাবহির্ভূতমেব ব্যবহারানঙ্গত্বাৎ।’<sup>১</sup> অর্থাৎ নির্বিকল্পক জ্ঞান প্রমা-অপ্রমাবহির্ভূত জ্ঞান, যেহেতু এই জ্ঞানের কোনপ্রকার ব্যবহার স্বীকার করা যায় না। তাৎপর্য এই যে, প্রমাজ্ঞান থেকে আমাদের যথার্থ ব্যবহার অর্থাৎ সফল প্রবৃত্তি উৎপন্ন হয়। অপ্রমা বা ভ্রমজ্ঞান থেকে আমাদের অযথার্থ ব্যবহার বা বিফল প্রবৃত্তি উৎপন্ন হয়। নির্বিকল্পক জ্ঞান থেকে আমাদের এইরূপ কোন ব্যবহারই উৎপন্ন হয় না। বস্তুত যেহেতু নিষ্প্রকারক নির্বিকল্পকজ্ঞানে প্রকারতা বা বিশেষ্যতা থাকে না এবং যেহেতু এই জ্ঞান কোন সন্দ্বন্ধকে বিষয় করে না, যেহেতু এই জ্ঞান থেকে কোন ব্যবহার উৎপন্ন হয় না। এইজন্য নির্বিকল্পক জ্ঞান প্রমা-অপ্রমা বহির্ভূত জ্ঞান এবং প্রমালক্ষণের অলক্ষ্য। লক্ষ্যে লক্ষণ না গেলে অব্যাপ্তি দোষ হয়। অলক্ষ্যে লক্ষণ না গেলে অব্যাপ্তি দোষ হয় না। ফলে বলতে হয় নির্বিকল্পকজ্ঞানে প্রমার লক্ষণটির অব্যাপ্তি হয় না।

সুতরাং গঙ্গেশের মতে প্রমা হ’ল তদ্বতি তৎপ্রকারক অনুভব। আর মথুরানাথ গঙ্গেশ প্রণীত এই লক্ষণটিকে নির্দোষ ও সুস্পষ্ট করে তুলতে এইটির পরিমার্জিত রূপ দিলেন, ‘তদ্বদ্বিশেষ্যকত্বাবচ্ছিন্ন তৎপ্রকারকতালী অনুভব।’ আবার, যে কোন সন্দ্বন্ধে তৎপ্রকারকত্ব তদ্বদ্বিশেষ্যকত্বের দ্বারা অবচ্ছিন্ন হ’লে ‘পর্বতটি বহিমান্’ এইরূপ প্রমাজ্ঞানে লক্ষণটির অব্যাপ্তি হ’য়ে যায় বলে লক্ষণটিকে এইভাবে বুঝে নিতে বললেন, জ্ঞানের প্রকারত্বটি যে সন্দ্বন্ধে জ্ঞানটির বিশেষ্যকত্বের দ্বারা অবচ্ছিন্ন, সেই সন্দ্বন্ধে ঐ প্রকারত্বটির আশ্রয় যে অনুভব, তা-ই প্রমা।

## ২. স্মৃতি ও প্রমা

মীমাংসা, অদ্বৈত বেদান্ত, সাংখ্য এবং ন্যায়দর্শনে স্মৃতিকে প্রমা বলা হয় না। ভাট্ট মীমাংসক যথার্থ অগহীতগ্রাহী জ্ঞানকে প্রমা বলেন। স্মৃতি গহীতগ্রাহী জ্ঞান। তাই স্মৃতি প্রমা নয়। প্রাভাকর মীমাংসক মতে অনুভূতি প্রমা, তা স্মৃতি থেকে ভিন্ন, স্মৃতি কেবলমাত্র পূর্ববিজ্ঞান-সংস্কার থেকে উৎপন্ন জ্ঞান। সুতরাং প্রাভাকরমতে স্মৃতি প্রমা নয়। অদ্বৈত বেদান্তী ধর্মরাজাধ্বরীন্দ্র তাঁর বেদান্তপরিভাষায় ভাট্টসিদ্ধান্ত অনুসরণ করে অনধিগত অবাধিত অর্থবিষয়ক জ্ঞানকে প্রমা বলেছেন। প্রমা যেহেতু অনধিগত বিষয়ক জ্ঞান, সেহেতু তা অধিগতবিষয়ক স্মৃতিজ্ঞান থেকে ভিন্নই হয়। সাংখ্যদর্শনেও অনধিগত বিষয়কজ্ঞানকে প্রমা বলা হয়। ফলে প্রমাকে স্মৃতি থেকে ভিন্ন জ্ঞান বলা হয়। আর ন্যায়দর্শনেও প্রমাকে যথার্থ অনুভব বা তদ্বতি তৎপ্রকারক অনুভব বলে ‘অনুভব’ পদটির উপর গুরুত্ব দিয়ে প্রমাকে স্মৃতি থেকে জ্ঞান হিসাবে প্রতিষ্ঠিত করা হয়েছে। স্মৃতির অপ্রমাত্ত্ববাদী এইসকল দার্শনিকের মতে স্মৃতি যেহেতু অধিগত অর্থাৎ পূর্বে জ্ঞাত বিষয়ের জ্ঞান, সেহেতু তা প্রমা হ’তে পারে না।

নৈয়ায়িকগণ যে যথার্থ জ্ঞানকে প্রমা না বলে যথার্থ অনুভবকে বা তদ্বতি তৎপ্রকারক অনুভবকে প্রমা বলেন, তার কারণ তাঁরা স্মৃতিকে এমন কি যথার্থ স্মৃতিকেও প্রমা বলতে চান না। স্মৃতি জ্ঞান হ’লেও অনুভব নয়। কেন না স্মৃতি হ’ল অনুভবজন্য যে সংস্কার তার থেকে উৎপন্ন জ্ঞান, অনুভব নয়। প্রমা কিন্তু অনুভব। প্রমাণের ব্যাপারের পরে যা উৎপন্ন হয়, তা অনুভব। যেমন প্রত্যক্ষাদি প্রমাণ ব্যাপারের পর উৎপন্ন প্রত্যক্ষ, অনুমিতি প্রভৃতি অনুভব। স্মৃতি এইরকম কোন প্রমাণব্যাপারের থেকে উৎপন্ন নয়। তাই স্মৃতি অনুভব নয়। স্মৃতি জ্ঞান মাত্র।

কিন্তু কেন যথার্থ অনুভবকে প্রমা বলেও নৈয়ায়িকগণ যথার্থ স্মৃতিকে প্রমা বলেন না? যথার্থ

অনুভব ও যথার্থ স্মৃতি উভয় ক্ষেত্রেই যথার্থত্ব বা বিষয়ের দিক থেকে অবাধিতত্ত্ব আছে, উভয় থেকেই সফল প্রবৃত্তি হয়। তাহ'লে উভয়ের মধ্যে একটি (যথার্থ অনুভব) প্রমা, অপরটি (যথার্থ স্মৃতি) প্রমা নয় কেন?

এই প্রশ্নের উত্তরে প্রাচীন নৈয়ায়িকগণ বলেন যে স্মৃতিজ্ঞান ভিন্ন যথার্থ জ্ঞানই প্রমা। স্মৃতিজ্ঞান থেকে প্রমা জ্ঞানের ভিন্নতা বোঝানোর জন্য প্রমাকে যথার্থজ্ঞান না বলে যথার্থ অনুভব বলা হ'য়েছে। সাধারণত অগৃহীতগ্রাহী জ্ঞানকে প্রমা বলা হয়। কিন্তু প্রাচীন নৈয়ায়িকমতে ধারাবাহিক প্রত্যক্ষজ্ঞান গৃহীতগ্রাহী বা জ্ঞাত পদার্থের বোধক হ'লেও অপ্রমা নয়। কারণ প্রমাকে যে অগৃহীতগ্রাহী অর্থাৎ অজ্ঞাতবিষয়ের জ্ঞাপক হ'তেই হবে, এমন নয়। তাই প্রাচীন নৈয়ায়িক জয়ন্ত ভট্ট, তাঁর ন্যায়মঞ্জরীতে বলেন, প্রমাকে যে অগৃহীতগ্রাহী হ'তেই হবে - এমন কোন নিয়ম নেই। গৃহীতগ্রাহী ধারাবাহিক প্রত্যক্ষজ্ঞানও প্রমা হয়। প্রমাজ্ঞান যে জ্ঞাতাকে সর্বদা নতুন বিষয়ই জানাবে এমন নয়। উগ্র বিষধর সাপ কেউ গলায় দু'লিখে যদি সামনে উপস্থিত হয়, তবে যতক্ষণ সেই দৃশ্য দর্শকের সামনে থাকবে ততক্ষণ তা দর্শকের মনে ভীতির উৎপত্তি ঘটাবে। জয়ন্ত ভট্টের মতে অগৃহীতগ্রাহী প্রত্যক্ষের মত গৃহীতগ্রাহী প্রত্যক্ষও প্রমা। আসলে জয়ন্তের মতে যে জ্ঞানের জ্ঞেয় বিষয়টি পরবর্তী অন্য কোন জ্ঞানের দ্বারা বাধিত হয় না, ঐরূপ জ্ঞানই প্রমা। অর্থাৎ যথার্থ অনুভব বলতে জয়ন্ত অবাধিত বিষয়ক অনুভবই বুঝেছেন। এখন প্রশ্ন হল অগৃহীতগ্রাহী জ্ঞান যেমন প্রমা, গৃহীতগ্রাহী জ্ঞানও যদি সেইরূপ প্রমা হয়, তবে গৃহীতগ্রাহী জ্ঞান অর্থাৎ জ্ঞাত বিষয়ে উৎপন্ন জ্ঞান যে স্মৃতিজ্ঞান, তা প্রমা হবে না কেন?

ঐরূপ প্রশ্নের উত্তরে জয়ন্ত ভট্ট বলেন - স্মৃতি প্রমা নয়। স্মৃতি অপ্রমা। তবে স্মৃতিকে যে অপ্রমা বলা হয়, তা এই কারণে নয় যে স্মৃতি গৃহীতগ্রাহী জ্ঞান বা জ্ঞাত বিষয়ে উৎপন্ন জ্ঞান। স্মৃতি অপ্রমা এই কারণে যে, বিষয়টির যখন স্মরণ হয়, তখন ঐ স্মৃত বিষয় স্মরণকর্তার সামনে উপস্থিত থাকে না। জয়ন্ত বলেন - 'অর্থজং প্রত্যক্ষম্ অনর্থজা স্মৃতি :।'। প্রত্যক্ষ অর্থজনা, কিন্তু স্মৃতি অনর্থজ। প্রত্যক্ষ স্বীয় বিষয় থেকে উৎপন্ন হয়। স্মৃতি স্বীয় বিষয় থেকে উৎপন্ন হয় না, বিষয়ের অনুভবজনিত সংস্কার থেকে উৎপন্ন হয়। এককথায় বলা যায়, জ্ঞেয় বিষয় যে জ্ঞানের সাক্ষাৎ কারণ, সেই প্রত্যক্ষাদি জ্ঞান প্রমা। আর জ্ঞেয় বিষয় যে জ্ঞানের সাক্ষাৎ কারণ নয়, সেই স্মৃতিজ্ঞান অপ্রমা। স্মৃতির সময় যেহেতু স্মৃতির বিষয়ের উপস্থিতি থাকে না, সেহেতু স্মৃতি জ্ঞান অনর্থজ এবং প্রমাদবাচ্য নয়। সুতরাং জয়ন্তের সিদ্ধান্ত হ'ল : কেবল অগৃহীতগ্রাহী জ্ঞান হ'লেই তাকে প্রমাজ্ঞান বলতে হবে তা নয়। তাকেই প্রমাজ্ঞান বলতে হবে, যে জ্ঞানটি সাক্ষাৎভাবে জ্ঞেয়বিষয় থেকে উৎপন্ন হয়। আর এই কারণেই স্মৃতিকে প্রমা বলা যায় না, যেহেতু স্মৃতিজ্ঞান সাক্ষাৎভাবে তার বিষয় থেকে উৎপন্ন হয় না। ন্যায়মঞ্জরীতে তাই জয়ন্ত ভট্ট বলেন :

তস্মাদনর্থজত্বেন স্মৃতিপ্রামাণ্যাবারণাৎ ।

অগৃহীতার্থগন্ত্বং ন প্রমাণবিশেষণম্ ॥

আপত্তি ওঠে, স্মৃতির বিষয় স্মৃতিজ্ঞানের সময় উপস্থিত থাকে না - তাই স্মৃতিকে অপ্রমা বলা হয়। অতীত ও ভাবী বস্তুর অনুমানের বিষয় তো অনুমানের সময় অনুমাতার সামনে উপস্থিত থাকে না। ফলে অনুমিতিও অপ্রমা হোক।

উত্তরে জয়ন্ত বলেন, স্মৃতির বিষয়ের বাস্তব অস্তিত্ব থাকুক বা নাই থাকুক - স্মৃতিজ্ঞান উৎপন্ন হ'তে কোন বাধা থাকে না। পিতার মৃত্যুর পর শ্মশানে দক্ষ হওয়া পিতার দেহের কোন বাস্তব অস্তিত্ব থাকে না। তবু সন্তান পিতার মূর্তি স্মরণ করতে পারে। আসলে স্মৃতির প্রতি স্মৃতির বিষয়টি আদৌ

কারণ নয়। স্মৃতির প্রতি কারণ হ'ল স্মৃতির বিষয়ের পূর্বানুভবজনিত সংস্কার। এই দৃষ্টিতেই জয়ন্ত স্মৃতিকে অর্থজন্য নয় বলেছেন। এখন অনুমানের যা সাধ্য, তা অতীত হোক আর ভাবী হোক - অনুমানের পক্ষ যার সম্বন্ধে অনুমান করা হয় তা অনুমাতার সামনে সর্বদাই উপস্থিত থাকে। অনুমানের সাধ্য হ'ল 'ধর্ম', পক্ষ 'ধর্মী'। অনুমানকালে ধর্মীতে ধর্মের অনুমান করা হয়। 'ধর্মী'র সাক্ষাৎ উপস্থিতি অনুমানকালে থাকে। নদীতে হঠাৎ জলবৃদ্ধি দেখে নদীর মোহনায় কোনও স্থানে অতীত বৃষ্টির অনুমান করা হয়। আলোচ্য অনুমানে নদী পক্ষ বা 'ধর্মী', বৃষ্টি সাধ্য বা 'ধর্ম'। 'ধর্ম' বৃষ্টি অপত্যক্ষ হ'লেও অনুমানের 'ধর্মী' নদী তো প্রত্যক্ষই। 'ধর্মী' নদীই অনুমানটির অন্যতম কারণ। পক্ষও ধর্মীরূপে অনুমানের বিষয় এবং কারণ হ'য়ে থাকে। সুতরাং অতীত বা ভাবী বিষয় সম্বন্ধে যে অনুমান, তা সম্পূর্ণ বিষয়নিরপেক্ষ বলা যায় না। স্মৃতি কিন্তু কেবলমাত্র সংস্কারজন্য বলে সম্পূর্ণ বিষয়নিরপেক্ষ, অনর্থজ। তাই স্মৃতি প্রমা নয়।

ন্যায়তাৎপর্যটীকাকার বাচস্পতি মিশ্র বলেন, যথার্থ স্মৃতি যথার্থ জ্ঞান হ'তে পারে, কিন্তু তা প্রমা নয়। তাঁর মতে প্রমার সাধন প্রমাণ। স্মৃতি প্রমা নয়। স্মৃতিসাধন সংস্কার প্রমাণ হতে পারে না। (প্রমাসাধনং হি প্রমাণং ন চ স্মৃতি: প্রমা।)। আরও কথা, কোন পদের কী অর্থ তা লোকব্যবহারের দ্বারাই বুঝতে হয়। যে পদের লোকব্যবহার যে অর্থে আছে, সেই পদ সেই অর্থের সহিতই নিয়তসম্বন্ধযুক্ত। প্রমাপদের অর্থও লোকব্যবহারের দ্বারা বুঝতে হবে। এখানে লোকব্যবহার বলতে পূর্বাচার্যগণের ভাষা ব্যবহারের অনুসরণ করে সাধারণ মানুষের যে শব্দপ্রয়োগ তাই বোঝা হ'য়েছে। পূর্ব পূর্ব আচার্যগণ প্রমা শব্দের দ্বারা স্মৃতির ব্যবহার করেন নি। সুতরাং স্মৃতি কখনও যথার্থ হ'লেও যথার্থ জ্ঞান হ'লেও প্রমাপদবাচ্য হ'তে পারে না।

পরবর্তী বিশিষ্ট নৈয়ায়িক উদয়ন বাচস্পতিকে অনুসরণ করে তাঁর ন্যায়তাৎপর্যটীকা পরিশুদ্ধিতে স্মৃতির অপ্রমাত্ব বিষয়ে বিস্তৃত আলোচনা করেছেন। বাচস্পতির লোকব্যবহারমূলক যুক্তিকে অনুসরণ করেই তিনি স্মৃতির প্রমাত্ব খণ্ডন আরম্ভ করেছেন। তারপর নানা জ্ঞানতাত্ত্বিক ও বহুনিষ্ঠ যুক্তির দ্বারা তিনি প্রতিষ্ঠা করেছেন যে স্মৃতি প্রমা নয়।

উদয়ন মনে করেন, লোকব্যবহার বা সাধারণ মানুষের ভাষা ব্যবহারকে অবজ্ঞা করা অনুচিত। লোকব্যবহারের প্রমা শব্দের প্রয়োগ কোন অর্থে হয়, তা আমাদের বিবেচনা করতে হবে। অর্থাৎ প্রমা শব্দের প্রয়োগকারণ বা প্রবৃত্তি নিমিত্ত কি তা-ই আমাদের ভেবে দেখতে হবে।

একাধিক পদার্থে একই শব্দ প্রয়োগ তখনই সম্ভব হয় যখন ঐসকল পদার্থে এমন একটি অনুগত ধর্ম থাকে, যা ঐ পদার্থসমূহ ভিন্ন অন্য পদার্থে থাকে না। এই কারণে গোত্রবিশিষ্ট এক জাতীয় প্রাণিসমূহে 'গো' পদ প্রযুক্ত হয়। 'গো' পদ অশ্ব-মহিষাদিতে প্রযুক্ত হয় না। যেহেতু অশ্বমহিষাদি গোত্রবিশিষ্ট নয়। এইরূপ যে সকল বাস্তবিক ধর্ম আমাদের শব্দপ্রয়োগের ভিত্তি - সেই সকল ধর্মের পারিভাষিক নাম প্রবৃত্তি নিমিত্ত, যার অর্থ প্রয়োগ কারণ। সাধারণতঃ সামান্য ধর্ম বা জাতি প্রবৃত্তি নিমিত্ত বা প্রয়োগকারণ হ'য়ে থাকে। কারণ নিতা জাতি বা সামান্যধর্ম ভিন্ন অন্য কোন ধর্ম একই কালে একাধিক পদার্থে একই শব্দ প্রয়োগের কারণ হ'তে পারে না।

এখন স্মৃতি প্রমা কিনা - এই প্রশ্নের সমাধানে আমাদের প্রথমেই দেখতে হবে স্মৃতির এমন কোন ধর্ম আছে কিনা যা প্রমা-শব্দের প্রয়োগকারণ বা প্রবৃত্তিনিমিত্ত হ'তে পারে। যদি স্মৃতি প্রমা শব্দের প্রয়োগকারণ হয়, তবে স্মৃতিতে প্রমা-শব্দের প্রয়োগ হবে। কিন্তু সেক্ষেত্রে প্রত্যক্ষ, অনুমিতি

প্রভৃতি স্মৃতিভিন্ন জ্ঞানগুলি প্রমা হ'তে পারবে না ।

স্মৃতিতে স্মৃতিত্ব ধর্ম যেমন আছে, তেমনই জ্ঞানত্ব ধর্ম আছে । জ্ঞানত্বকে যদি প্রমা-শব্দের প্রয়োগ কারণ বলা হয়, তবে স্মৃতিও প্রমা হ'য়ে যায় । কারণ স্মৃতিতে জ্ঞানত্ব থাকে । কিন্তু এইভাবে স্মৃতিকে যদি প্রমা বলতে হয়, তবে ভ্রমজ্ঞান ও সংশয়জ্ঞানকেও প্রমা বলতে হবে । ভ্রম ও সংশয়েও জ্ঞানত্ব থাকে । (তথা হি ন তাবদ্ জ্ঞানত্বাদিকং তন্নিমিত্তং, যেন স্মৃতিরপি প্রমা স্যাৎ বিপর্যয়স্য অপি তথ্যত্বপ্রসঙ্গাৎ ।) ।

বলা যেতে পারে যে যথার্থ অনুভব ও যথার্থ স্মৃতি - উভয় ক্ষেত্রেই যথার্থত্ব ও সফল প্রবৃত্তিজনকত্ব আছে । অনেক সময় যাতে যথার্থত্ব ও সফলপ্রবৃত্তিজনকত্ব থাকে তাকে প্রমা বলা হয় । সুতরাং বলা যায় যথার্থ স্মৃতি ও যথার্থ অনুভব - উভয় ক্ষেত্রেই প্রমাত্বরূপ অনুগত ধর্ম বা জাতি আছে । সুতরাং প্রমা শব্দের প্রবৃত্তিনিমিত্ত হিসাবে যদি প্রমাত্ব জাতিকে স্বীকার করে নেওয়া হয়, তবে প্রমা শব্দের দ্বারা যথার্থ অনুভব ও যথার্থ স্মৃতি - উভয় অর্থই বোঝা যাবে । যথার্থ অনুভবের মত যথার্থ স্মৃতিকেও প্রমা বলা যাবে ।

এইভাবে প্রমাত্ব প্রমা-শব্দের প্রয়োগকারণ হ'লে অন্তত দুটি সুবিধা হয় । প্রথমত, প্রমা শব্দের প্রয়োগ আর যথার্থ অনুভবমাত্রে সীমাবদ্ধ থাকে না, যথার্থ স্মৃতিকেও প্রমা বলা যায় । ফলে স্মৃতি প্রমা কি প্রমা নয়, এই বিবাদের নিষ্পত্তি হ'য়ে যায় । দ্বিতীয়ত, এরকম স্বীকার করলে লাঘব হয় । প্রাচীন নৈয়ায়িকমতে প্রমাত্ব দুটি ধর্মের সমন্বয়ে গঠিত - যথার্থত্ব ও অনুভবত্ব । এই কারণে প্রাচীন নৈয়ায়িক প্রমাত্বকে জাতি বলেন না । প্রমাত্বরূপ একটিই লঘু ধর্ম স্বীকার করলে - যথার্থত্ব ও অনুভবত্ব রূপ দুটি ধর্ম বা যথার্থানুভবত্বরূপ একটি গুরুধর্ম স্বীকার করতে হয় না । ফলে লাঘব হয় ।

উদয়ন বলেন প্রমাত্বকে অনেকানুগত ধর্ম বা জাতি বলে স্বীকার করে প্রমা শব্দের প্রবৃত্তিনিমিত্ত বলা যায় না । প্রমাত্ব জাতিই নয় । তর্কের খাতিরে যদি প্রমাত্বকে জাতি বলে স্বীকারও করা যায়, তবে প্রমাত্ব নিশ্চয়ই জ্ঞানগত জাতি হবে । প্রমাত্ব যদি জ্ঞানাপ্রিত জাতি হয় তবে তা মানসপ্রত্যক্ষরূপ অনুব্যবসায়ের বিষয় হবে । জ্ঞান অনুব্যবসায়গম্য বলে জ্ঞানগত জাতি প্রমাত্ব অনুব্যবসায়গম্য হবে । কিন্তু ন্যায়মতে জ্ঞানের প্রমাত্ব প্রত্যক্ষের দ্বারা জানা যায় না - একমাত্র অনুমানের দ্বারা জানা যায় । সফল প্রবৃত্তি জনকত্ব হেতুর দ্বারা জ্ঞানের প্রমাত্ব অনুমিত হয় । জ্ঞানের প্রামাণ্যের জ্ঞাপ্তি - বিষয়ে নৈয়ায়িক পরতঃ প্রামাণ্যবাদী । জ্ঞানাপ্রিত প্রমাত্ব জাতি স্বীকার করলে নৈয়ায়িককে অনভিপ্রেত স্বতঃপ্রামাণ্যবাদ স্বীকার করতে হয় । (নাপি প্রমাত্বং নাম সামান্যবিশেষঃ সমস্তি । জ্ঞানগতস্য সামান্যস্য মনোমাত্রগ্রাহ্যত্বাৎ ।) ।

উদয়ন বলেন, প্রমাত্বকে জাতি বলে স্বীকার করলে অন্য দোষও আসে । প্রমাত্ব জাতি হ'লে, তার বিরুদ্ধ জাতি হবে অপ্রমাত্ব । এই অপ্রমাত্ব ভ্রমজ্ঞানে থাকবে । ফলে ভ্রমজ্ঞানে প্রমাত্ব থাকতে পারবে না । দুটি বিরুদ্ধ জাতি - প্রমাত্ব ও অপ্রমাত্বের সহাবস্থান অসম্ভব । অথচ ভ্রমজ্ঞানের ধর্মী অংশকে প্রমা বলা হয়, ধর্ম বা প্রকার অংশেই ভ্রমত্ব বা অপ্রমাত্ব থাকে । ধর্মীর অংশেও যদি ভ্রমজ্ঞান প্রমা না হয়, তবে ভ্রমজ্ঞানের নিরালম্বনত্বের আপত্তি হবে । অথচ কোন জ্ঞানই নিরালম্বন হ'তে পারে না । (প্রমাত্বং চ সামান্যবিশেষমুদভাববতি তদ্বিরুদ্ধ সামান্যবতি বা বিপর্যয়জ্ঞানে ন সমবেয়াং তথা চ বিপর্যয়জ্ঞানং ধর্মিণ্যপি ন প্রমা স্যাৎ । এবং চ নিরালম্বনমাপদ্যেত ।) ।



অনুমিতি, উপমিতি প্রভৃতি অনুভবসমূহকে আর প্রমা বলা যাবে না। যেহেতু যেখানে যেখানে প্রমাত্ত থাকবে, সেখানে সেখানে কেবল প্রত্যক্ষত্বই থাকবে। অন্যকথায় যেখানে যেখানে প্রত্যক্ষত্ব থাকবে না, সেখানে সেখানে প্রমাত্তই থাকবে না।

ঘ) চতুর্থ বিকল্পটি স্বীকার করলে সংশয়প্রত্যক্ষ ও ভ্রমপ্রত্যক্ষ প্রমাত্তরহিত হওয়ায় এদের প্রত্যক্ষ বলে স্বীকার করা যাবে না। চতুর্থ বিকল্পটি হ'ল - প্রমাত্ত প্রত্যক্ষত্বের ব্যাপক। এর অর্থ যেখানে যেখানে প্রত্যক্ষত্ব (ব্যাপ্য) সেখানে সেখানে প্রমাত্ত (ব্যাপক)। আবার যেখানে যেখানে প্রমাত্তের (ব্যাপক) অভাব, সেখানে সেখানে প্রত্যক্ষত্বের (ব্যাপ্য) অভাব। যেখানে যেখানে প্রত্যক্ষত্ব সেখানে সেখানে প্রমাত্ত, এখন বললে সংশয় প্রত্যক্ষ ও ভ্রমপ্রত্যক্ষকে প্রত্যক্ষ বলা যাবে না, যেহেতু এই দুইটিতে প্রমাত্ত থাকে না। যেখানে যেখানে প্রমাত্তের অভাব থাকে সেখানে সেখানে প্রত্যক্ষত্বের অভাব থাকে, এমন বললেও সংশয়প্রত্যক্ষ ও ভ্রমপ্রত্যক্ষকে প্রত্যক্ষ বলা যাবে না, কারণ সংশয়প্রত্যক্ষ ও ভ্রমপ্রত্যক্ষ প্রমাত্তের অভাব থাকে বললে প্রত্যক্ষত্বেরও অভাব থাকবে।

যাঁরা প্রমাত্তকে জাতি বলে স্বীকার করে স্মৃতিকে প্রমাপদবাচ্য বলতে চান, তাঁরা উপরি-উল্লিখিত কোন বিকল্পই গ্রহণ করতে পারবেন না। কারণ উপরিউল্লিখিত বিকল্পগুলির ব্যাখ্যা থেকে জানা গেল যে প্রমাত্তকে জাতি বলা যায় না। প্রমাত্ত যদি জাতি না হয়, তবে তাকে প্রমা শব্দের প্রবৃত্তিনিমিত্ত মনে ক'রে যথার্থ স্মৃতিকেও প্রমা বলা যাবে না।

যদি বলা যায়, স্মৃতিত্ব, জ্ঞানত্ব প্রমা শব্দের প্রবৃত্তিনিমিত্ত নয়। প্রমাত্ত জাতি অসিদ্ধ বলে প্রমাত্ত প্রমা শব্দের প্রবৃত্তি-নিমিত্ত নয়। কিন্তু যথার্থত্বকে প্রমা শব্দের প্রবৃত্তিনিমিত্ত বলা যেতে পারে। তাহলে যথার্থ অনুভবে যেমন যথার্থত্ব থাকবে, তেমনি যথার্থ স্মৃতিতেও যথার্থত্ব পাওয়া যাবে। প্রমা শব্দের দ্বারা যেমন যথার্থ অনুভবকে বোঝা যাবে, তেমনি যথার্থ স্মৃতিকেও বোঝা যাবে। (যথার্থত্বমাত্রমিতি চেৎ।)। উদয়ন বলেন, এইরূপ বলা যায় না। কারণ যথার্থত্ব ইচ্ছাদিতেও আছে। অথচ ইচ্ছাদি প্রমাপদবাচ্য নয়।

কেউ বলতে পারেন, যথার্থজ্ঞানত্বকে যদি প্রমা পদের প্রবৃত্তিনিমিত্ত বলে ধরা যায়, তবে যথার্থ স্মৃতিও প্রমাপদবাচ্য হবে। যথার্থ স্মৃতিতে জ্ঞানত্ব আছে, যথার্থত্বও আছে। এরূপ বলা অসঙ্গত। কারণ এরূপ বললে স্মৃতিজ্ঞানের অনুব্যবসায় 'স্মারামি' না হ'য়ে 'প্রমিগোমি' হ'ত। যেহেতু স্মৃতিজ্ঞানও প্রমা। তা কিন্তু হয় না। প্রমার অনুব্যবসায় হয় 'প্রমিগোমি', কিন্তু স্মৃতিজ্ঞানের অনুব্যবসায় হয় 'স্মারামি'। (নং স্মারামীত্যত্রাপি প্রমিগোনীতি বুদ্ধিব্যাপদেশপ্রসঙ্গাৎ)।

তর্কের খাতিরে বলা যেতে পারে যে যথার্থ স্মৃতি যথার্থ জ্ঞান বলেই যথার্থ স্মৃতিত্বলে যে 'স্মারামি' অনুব্যবসায় হয়, তার আসল অর্থ 'প্রমিগোমি'। কিন্তু এখানে বক্তব্য এই যে 'স্মারামি' এই অর্থের প্রতিপাদকরূপে 'প্রমিগোমি' শব্দের প্রয়োগ কখনও হয় না। উদয়ন বলেন, ব্যক্তিগত ইচ্ছা অনুসারে শব্দের প্রয়োগ ও অপ্ৰয়োগ হ'তে পারে না। ঈশ্বরের ইচ্ছাবশতই প্রমা শব্দ যথার্থ অনুভবকেই বুঝিয়ে থাকে। কিন্তু যে কোন যথার্থ জ্ঞান (যেমন যথার্থ স্মৃতি) প্রমা শব্দের প্রতিপাদ্য নয়। যথার্থ জ্ঞান প্রমা শব্দেরই প্রতিপাদ্য হোক, এমন ইচ্ছাই ঈশ্বরের আছে। এমন ইচ্ছা যে ঈশ্বরের ইচ্ছা তার কারণ এই যে লোকব্যবহারে যে শব্দ যে অর্থের প্রতিপাদনে প্রযুক্ত হয়, সেই শব্দের সেই অর্থ প্রতিপাদনে ঈশ্বরের ইচ্ছা আছে, এরূপ অনুমান করা হয়। যে অর্থে যে শব্দের লৌকিক প্রয়োগ নেই, সেই শব্দের দ্বারা সেই অর্থ প্রতিপাদনে ঈশ্বরের ইচ্ছাও নেই, এমনই বুঝতে হবে। সুতরাং 'স্মারামি' এই অর্থের প্রতিপাদক রূপে 'প্রমিগোমি' শব্দের প্রয়োগে ঈশ্বরের ইচ্ছা নেই। 'স্মৃতি' এই অর্থের প্রতিপাদক রূপে প্রমা শব্দের





উত্তরে উদয়নের বক্তব্য হ'ল এই যে, স্মৃতি মুখ্যত প্রমা হ'তে পারে না। স্মৃতির প্রমাত্র যথার্থ অনুভবের প্রমাত্রের সন্নিধানই সম্ভব। যেখানে অপর বস্তুর সন্নিধানবশত কোন এক ধর্মীতে সেই অপর বস্তুর ধর্মের জ্ঞান ও ব্যবহার হয়, সেখানে ঐ ধর্ম ধর্মটির স্বাভাবিক ধর্ম হয় না, ঔপাধিক ধর্ম হয়। স্মৃটিকে রক্তজ্বাদির সন্নিধানে রক্তবর্ণের আবির্ভাব হয় - সেই রক্তবর্ণই স্মৃটিকের স্বাভাবিক ধর্ম নয়, ঔপাধিক ধর্ম। এক্ষেত্রেও, স্মৃতির কারণ যে অনুভব, তার সন্নিধানবশত অনুভবের ধর্ম প্রমাত্রের আরোপ হয় স্মৃতিতে। সুতরাং প্রমাত্র স্মৃতির স্বাভাবিক ধর্ম নয়, ঔপাধিক ধর্ম। যেমন স্মৃটিকে স্বাভাবিকভাবে রক্তবর্ণই না থাকলেও রক্তজ্বাদির সন্নিধানে স্মৃটিকেও রক্তবর্ণের জ্ঞান ও ব্যবহার হয়। সেইভাবে স্মৃতিতে স্বাভাবিকভাবে প্রমাত্র না থাকলেও স্মৃতির জনক অনুভবের প্রমাত্রের দ্বারা স্মৃতির প্রমাত্রের জ্ঞান ও ব্যবহার হয়। এভাবে স্মৃতিতে প্রমাত্রের দ্রাব্য - ঔপাধিমূলক ব্যবহার হ'লেও, বস্তুত স্মৃতিতে প্রমাত্র নেই। সুতরাং স্মৃতি প্রমালক্ষণের অলক্ষ্য। স্মৃতিতে প্রমালক্ষণের যথার্থত্বের অতিব্যাপ্তি বারণের জন্য অনুভব পদটির পুরোগ হয়েছে।

স্মৃতি যদি যথার্থ হয় ও তবু, তা প্রমাপদবাচ্য নয়। আসলে উদয়নের মতে স্মৃতি কোনকালেই যথার্থ হ'তে পারে না। স্মৃতিমাত্রই অযথার্থ। স্মৃতির জনক অনুভব। অনুভবকালে বস্তুর যে অবস্থা থাকে, স্মরণকালে বস্তুর সেই অবস্থা থাকে না। অনুভব অবস্থা স্মৃতিকালীন অবস্থার পূর্ব অবস্থা। স্মৃতিকালে ঐ পূর্ব অবস্থার নিবৃত্তি হয়। (নহি যাদৃশ অর্থঃ স্মরণে যদা তাদৃশ এবাসৌ তদা, পূর্বাভবস্থায় বর্তমানে নিবৃত্তস্তাৎ অনিবৃত্তৌ হি পূর্বাভব ন স্যাৎ।)।

অথচ স্মৃতির দ্বারা বস্তুর পূর্ব অবস্থাই গৃহীত হয়। যেহেতু স্মৃতিতে ঐ অবস্থাবিশিষ্ট বস্তুই জ্ঞানের বিষয় হয়। সুতরাং স্মৃতিকালে বিষয়ে অবিদ্যমান যে পূর্ব অবস্থা, তা বিশেষণরূপে বিষয় হয়। অর্থাৎ স্মৃতিকালে বিষয়ের যে বিশেষণের অভাব আছে সেই বিশেষণসহ বিষয়ের জ্ঞানটি হয়। একারণে স্মৃতিকে অযথার্থ বলতে হয়। স্মৃতি ও স্মৃতির কারণ অনুভব সমানবিষয়ক হ'লেও অনুভবকালে বিশেষ্য বিষয়টি যে বিশেষণযুক্ত থাকে, সেই বিশেষণযুক্তরূপেই অনুভবটি হয়। সেইজন্য অনুভবটি যথার্থ হয়। সেই অনুভবজন্য স্মৃতিকালে সেই বিশেষণটি বিশেষ্যে থাকে না, অথচ সেই বিশেষণযুক্তরূপে বিশেষ্যটির স্মৃতি হয়। সুতরাং স্মৃতি অযথার্থ। স্মৃতি প্রমাপদবাচ্য নয়। (অনুভবকালে তস্যার্থস্য তাদবস্থ্যাৎ স্মৃতিকালে ত্বতাদবস্থ্যাৎ।)।

গঙ্গেশের মতেও স্মৃতি অযথার্থ, স্মৃতি প্রমা নয়। তিনি বলেন, স্মৃতি নিজ বিষয়ের বর্তমানতা বিষয়ক হয় কিনা, তা বিবাদের বিষয়। কারণ, যাঁরা স্মৃতিকে যথার্থ বলেন, তাঁরা স্মৃতির বিষয়টি যে বর্তমানত্ববিষয়ক হয়, তা স্বীকার করেন না। আর যাঁরা স্মৃতিকে অযথার্থ বলেন, তাঁর স্মৃতির বিষয়টিকে বর্তমানত্ববিষয়ক বলে স্বীকার করেন। কিন্তু গঙ্গেশের মতে স্মৃতি সর্বদাই নিজ বিষয়ের বর্তমানত্ববিষয়কই হয়। স্মৃতির বিষয় হ'ল স্মরণ্যমান বস্তু। স্মৃতিতে স্মরণ্যমান বস্তু বর্তমানকালীনরূপে ভাসমান হ'য়ে থাকে। স্মৃতি কখনোই অতীতবিষয়ক জ্ঞান নয়, অনাগতবিষয়ক জ্ঞানও নয়। যেমন প্রত্যভিজ্ঞা। প্রত্যভিজ্ঞা অতীত - অনাগতবিষয়ক নয়, বর্তমান বিষয়কই হয়। (বিবাদ পদং স্মৃতিঃ স্মরণ্যবর্তমানত্ব বিষয়া অতীতমগতবিষয়স্তে সতি প্রতীতিত্বাৎ প্রত্যভিজ্ঞাবৎ।)। গঙ্গেশের মতে যে কোন জ্ঞানে কালবিশেষ ভাসমান হয়। কালবিশেষ তিনপ্রকার - অতীত, অনাগত ও বর্তমান। যে জ্ঞান অতীতবিষয়ক নয়, অনাগতবিষয়কও নয়, তা অবশ্যই বর্তমানবিষয়ক হবে।

যদি বলা হয়, ন্যায়মতে কাল অতীন্দ্রিয়, যেহেতু তাতে প্রত্যক্ষযোগ্যরূপ, মহত্ত্ব প্রভৃতি নেই।

সুতরাং স্মৃতিকালে যে স্মরণ্য বিষয়ের বর্তমানত্ব ভাসমান হয়, তা পূর্বে অনুভূত নয়। বর্তমানরূপ কালবিশেষের যদি পূর্ব অনুভব না থাকে, তবে তার সংস্কার উৎপন্ন হতে পারে না। যে বিষয়ের সংস্কার উৎপন্ন হয় না, সেই বিষয়ের স্মৃতি হ'তে পারে না। সুতরাং বর্তমানরূপ কালবিশেষের স্মৃতি হ'তে পারে না।

গঙ্গেশ বলেন, স্মৃতি অন্যত্র সংস্কারজন্য হ'লে কালবিশেষের স্মৃতি সংস্কার ভ'না হ'তে পারে না, যেহেতু কালের প্রত্যক্ষ অনুভব হয় না। কিন্তু যে কোন জ্ঞানই কাল-অবগাহী। জ্ঞানসামগ্রীর এইরূপ মহিমা থাকায় কালবিশেষের সংস্কার উৎপন্ন না হ'লেও স্মৃতি হ'তে পারে। কোন বিষয়ের স্মৃতিজ্ঞান যেহেতু অতীত-অনাগত-বিষয়ক হয় না, সেহেতু তা অবশ্যই বর্তমানবিষয়ক হবে।

কাঁচা অবস্থায় একটি শ্যামবর্ণ ঘণ্টের অনুভব হ'ল। ঘটটি পোড়ানোর পর যখন 'সেই ঘট' এই আকারে ঘটটির স্মৃতি হয়, তখন শ্যামবর্ণরূপে বর্তমান ঘটটিরই জ্ঞান হয়। প্রাতঃকালে এক ব্যক্তি গৃহে এলেন। সন্ধ্যাকালে যখন 'সেই লোক' এই আকারে লোকটির স্মৃতি হয়, তখন প্রাতঃকালীনরূপে বর্তমান লোকটিই জ্ঞানের বিষয় হয়। সন্ধ্যাকালে উদয়গিরির উপর চাঁদের অনুভব হ'ল। মধ্যরাত্ৰিতে শয়্যায় থেকে যখন 'সেই চাঁদ' এই আকারে স্মৃতি হয়, তখন উদয়গিরির উপর বর্তমান চাঁদেরই জ্ঞান হয়।

কিছু বাস্তবিক ঘট পোড়ানোর পর সেই শ্যামবর্ণ ঘণ্টের যখন স্মৃতিজ্ঞান হয়, তখন ঘটটির বিশেষণ হিসাবে শ্যামরূপে বর্তমানত্ব বাধিত হয়। সুতরাং ঘটটির স্মৃতি বাধিত বিষয়ের জ্ঞান বলে অযথার্থ হয়। সন্ধ্যাকালে যখন প্রাতঃকালীন লোকটির স্মৃতি হয়, তখন লোকটির বিশেষণ হিসাবে প্রাতঃকালীন বর্তমানত্ব থাকে না। লোকটির ক্ষেত্রে বর্তমানকালবিশিষ্ট প্রাতঃকালীন বিশেষণটি বাধিত হয়। সুতরাং লোকটির স্মৃতি বাধিত বিষয়ের জ্ঞান বলে অযথার্থ হয়। মধ্যরাত্ৰিতে শয়্যায় যখন উদয়গিরির উপরে অবস্থিত চাঁদের স্মৃতি হয়, তখন চাঁদের বিশেষণ হিসাবে উদয়গিরির উপর বর্তমানত্ব থাকে না। চাঁদের ক্ষেত্রে উদয়গিরির উপরে থাকা বর্তমানত্ব বাধিত হয়। সুতরাং চাঁদের স্মৃতি বাধিত বিষয়ের জ্ঞান হওয়ায় অযথার্থ হয়।

গঙ্গেশের মূল অভিপ্রায় এই যে কোন বিষয়ের অনুভব যখন হয়, তখন কিছু বিশেষণসহ বিষয়টি অনুভবের বিষয় হয়। কিন্তু সেই বিষয়ের যখন স্মৃতিজ্ঞান হয়, তখন সেই সেই বিশেষণসহ বস্তুটি বর্তমান হয় না। ফলে স্মৃতিজ্ঞানকালে জ্ঞানটির বিশেষণে ও বিশেষ্যে স্মৃতিজ্ঞানের বিষয় বর্তমানত্ব বাধিত হয়। তাই যে কোন স্মৃতিজ্ঞানই অযথার্থ। বস্তুত, 'তদ্ ঘট:' (সেই ঘট)- এই আকারে যখন কোন ঘটের স্মৃতিজ্ঞান হয়, তখন সেই স্মৃতিতে তত্তা (তদ্ + তা = তদ্ এর ধর্ম) বিশিষ্ট বর্তমান ঘটই ভাসে। এই স্মৃতির জনক অনুভব যখন হ'য়েছিল, তখন বর্তমান ঘটই অনুভূত হয়েছিল। স্মৃতিতে যে বর্তমান ভাসে, অনুভবকালে এই বর্তমানই ভাবী বর্তমান ছিল। আর তা বর্তমানরূপেই অনুভূত হয়েছিল।

সুতরাং বলা যায়, স্মৃতিজ্ঞানে তত্তা-বিশিষ্ট ঘটের বর্তমানত্বই ভাসে। কিন্তু যে বিশিষ্ট ঘটের বর্তমানত্ব স্মৃতিতে ভাসে সে বিশিষ্ট ঘটের - বিশেষ্যভাগ বা বিশেষণভাগের বর্তমানত্ব স্মৃতিকালে থাকে না। এই কারণে স্মৃতিকে অযথার্থ বলতে হয়। যে কালে যে ঘট যে রূপে বর্তমান নেই, সেইকালে সেই ঘটকে সেইরূপে বর্তমান বলে জেনে 'তদ্ ঘট:' (সেই ঘট) এইরূপ অযথার্থ ব্যবহারই হয় স্মৃতিকালে। (স্মৃতেবর্তমানত্বেনানাগতবর্তমানস্য পূর্বমনুভবাৎ। এবং চ স্মৃতেস্তথাভূতস্য বর্তমানতাবিষয়ঃ, তত্র বিশেষ্যস্য বিশেষণস্য বা বর্তমানত্বাভাবাৎ স্মৃতিরযথার্থৈব।—ন্যায়নিবন্ধপ্রকাশ।)

কেউ (যেমন পণ্ডিত বিশ্ববন্ধু ভট্টাচার্য) বলতে পারেন, উদয়ন, গঙ্গেশ প্রমুখ মহা নৈয়ায়িকগণ স্মৃতির যথার্থত্ব স্বীকার করেন নি। স্মৃতি যদি যথার্থ না হয়, তবে প্রমার লক্ষণের ('যথার্থানুভব : প্রমা' বা 'তদ্বতি তৎপ্রকারকানুভব : প্রমা') 'যথার্থ' বা 'তদ্বতি তৎপ্রকারক' অংশের দ্বারাই তো প্রমাকে স্মৃতিভিন্ন জ্ঞান বলে নিরূপণ করা যায়। ফলে, প্রমার লক্ষণে 'অনুভব' পদের বিশেষ প্রয়োজনীয়তা কোথায়? প্রমাকে তো যথার্থ জ্ঞান বা তদ্বতি তৎপ্রকারক জ্ঞানই বলা যেতে পারে।

আমরা জানি পাশ্চাত্য দর্শনে দীর্ঘদিন ধরে জ্ঞানের তিনটি শর্তের কথা বলা হ'য়ে এসেছে। সেই তিনটি হ'ল সত্যতা, বিশ্বাস ও প্রামাণিকতা। পরবর্তীকালে Edmund Gettier তাঁর Is Knowledge Justified True Belief? প্রবন্ধে এই তিনটি শর্তকে জ্ঞানের পর্যাপ্ত শর্ত বলে স্বীকার করেন নি, কিন্তু এই তিনটি শর্ত তিনি পরিত্যজ্য বলেন নি। উদয়ন, গঙ্গেশ প্রমুখ নৈয়ায়িকগণও প্রমার লক্ষণের 'যথার্থ' বা 'তদ্বতি তৎপ্রকারক' অংশের দ্বারা জ্ঞানের সত্যতার শর্ত এবং 'অনুভব' এই পদটির দ্বারা জ্ঞানের প্রামাণিকতার শর্ত প্রতিষ্ঠা করতে চেয়েছেন। তাঁদের লক্ষণে যেহেতু বাচনিক জ্ঞান অভিপ্রেত ছিল না, সেহেতু তাঁরা বিশ্বাস শর্তটির উল্লেখ স্পষ্টত করে নি। সুতরাং ন্যায়দর্শন প্রদত্ত প্রমার লক্ষণে 'অনুভব' পদটি যে কেবল প্রমাকে স্মৃতিভিন্ন বলে প্রদর্শন করার জন্য প্রযুক্ত হ'য়েছে তা নয়, প্রমা যে প্রামাণিক জ্ঞান অর্থাৎ প্রমাণের ব্যাপার থেকে উৎপন্ন জ্ঞান, তা বোঝানোর জন্যও প্রমার লক্ষণে 'অনুভব' পদটি সন্নিবেশিত হ'য়েছে। Stephen H. Phillips এর (1993 : Gāṅgeśa on Characterising Verdical Awareness in Journal of Indian Philosophy, Kluwer Academic Publishers) এইরূপ ব্যাখ্যায় গঙ্গেশ প্রমুখ নৈয়ায়িকদের প্রমালক্ষণের অন্তর্গত 'অনুভব' পদটি নতুন তাৎপর্য লাভ করেছে।

আরও কথা, স্মৃতি কি সত্যই অযথার্থ জ্ঞান? পাশ্চাত্য মনোবিজ্ঞান ও জ্ঞানীয় প্রযুক্তিবিদ্যায় স্মৃতিকে অযথার্থ জ্ঞান বলা হয় না, বিস্মৃতিকে অযথার্থ জ্ঞান বলা যেতে পারে। সাম্প্রতিককালের জ্ঞানীয় প্রযুক্তিবিদ্যায় স্মৃতি বা Memoryর গুরুত্ব সর্বাধিক। জ্ঞানীয় প্রযুক্তিবিদদের মতে আমাদের প্রায় সমস্ত জ্ঞানীয় প্রক্রিয়াই - প্রত্যক্ষ, যুক্তির দ্বারা সিদ্ধান্ত গ্রহণ, অঙ্গ-প্রত্যঙ্গ নিয়ন্ত্রণ, আবেগ, সচেতন হওয়া - সবই স্মৃতিনির্ভর। স্মৃতি যদি অযথার্থ জ্ঞান হয়, তবে আমাদের যাবতীয় জ্ঞানীয় উৎপাদনই অযথার্থ হ'য়ে যাবে। কেবল মস্তিষ্কের বিশেষ অংশের (temporal lobe এর) বিশেষত হিপোক্যাম্পাসের (Hippocampus) ক্ষয়ক্ষতি হ'লে স্মৃতি আর সবসময় যথার্থ জ্ঞানপদবাচ্য হ'তে পারে না। যেমন মনে করা যাক চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়ের দোষ থাকলে যথার্থ প্রত্যক্ষজ্ঞান উৎপন্ন হ'তে পারে না। প্রাচীন ভারতীয় দর্শনে যাঁরা স্মৃতিকে অযথার্থ জ্ঞান বলে স্বীকার করেন নি, তাঁরা এতদূর ভাবেন নি। কিন্তু স্মৃতিজ্ঞান স্বাভাবিক অবস্থায় যথার্থই, এই সিদ্ধান্ত প্রতিষ্ঠা করতে গিয়ে তাঁরা বিশেষত নৈয়ায়িকের স্মৃতির প্রমাত্বগুণ বিভিন্নভাবে মণ্ডন করেছেন।

ন্যায়পরিশুদ্ধি গ্রন্থে রামানুজ বেদান্তী ভেঙ্কটনাথ বিভিন্ন যুক্তিতে স্মৃতির যথার্থত্ব প্রতিষ্ঠা করেছেন। স্মৃতি, অবশ্যই যথার্থ স্মৃতি, যদি অযথার্থ হ'ত, তা নিশ্চয়ই কোন বাধক জ্ঞানের দ্বারা বাধিত হ'ত। তা হয় না, তাই স্মৃতি অযথার্থ জ্ঞান নয়। স্মৃতি অনুপস্থিত বিষয়ের জ্ঞান দেয় বলে অযথার্থ একথাও বলা যায় না। কেননা, তাহ'লে অতীতবিষয়ক ও ভাবীবিষয়ক অনুমিতিকেও অযথার্থ বলতে হয়। স্মৃতি অনুভবত্ব ধর্মবিশিষ্ট নয় বলে অযথার্থ, একথাও বলা যায় না। কেননা, তাহ'লে কোন বস্তুর অনুভব না হ'লেও তার স্মরণ হ'তে পারত। স্মৃতিজ্ঞান অনুভবের মতই স্বতঃপ্রকাশ। স্মৃতিজ্ঞান সাক্ষাৎভাবে সংস্কারের উপর এবং পরোক্ষভাবে অতীত বিষয়ের প্রকাশের জন্য অতীত অনুভবের উপর

অপেক্ষা করে মাত্র। স্মৃতিজ্ঞান যেমন পূর্ব অনুভবের অধীন, প্রত্যভিজ্ঞা যাকে যথার্থ জ্ঞান বলা হয়, তাও পূর্ব অনুভবের অধীন। ফলে স্মৃতিজ্ঞান যদি অযথার্থ হয় তবে প্রত্যভিজ্ঞাকে অযথার্থ বলতে হয়। স্মৃতি অযথার্থ, যেহেতু তা অন্যাশর্তের অধীন, একথাও বলা যায় না। তাহ'লে সমস্ত জ্ঞানকেই অযথার্থ বলতে হয়, কেননা সমস্ত জ্ঞানই কোন কোন অন্য শর্ত বা কারণ সামগ্রীর অধীন হ'য়ে উৎপন্ন হয়। যতিপতিমতদীপিকায় রামানুজ অনুগামী শ্রীনিবাসও বলেন, স্মৃতি যথার্থ জ্ঞান, কারণ স্মৃতিজ্ঞান যেমনভাবে অতীতে বিষয়টি ছিল, তেমনভাবে বিষয়টিকে উপস্থাপিত করে এবং সফলপ্রবৃত্তির জনকও হ'তে পারে।

নৈয়ায়িক উদয়ন বলেছিলেন, স্মৃতিকালে অনুভবকালীন বিষয়ের অবস্থা বর্তমান থাকে না বলে স্মৃতিকে অযথার্থ বলতে হয়। মধ্বচার্যের অনুগামী জয়তীর্থ তাঁর ন্যায়সুধা গ্রন্থে বলেন, উদয়নের এমন যুক্তি গ্রহণযোগ্য নয়। তিনি বলেন, স্মৃতিজ্ঞান যথার্থ এই কারণে যে ঠিক যে প্রকারে কোন বিষয়ের অনুভব হয়, সেই বিষয়ের স্মৃতিকালে ঠিক সেই প্রকারেই বিষয়টি উপস্থাপিত হয়। মাধববেদান্তে স্মৃতিকে একপ্রকার মানস প্রত্যক্ষ বলা হয়।

পরীক্ষামুখলযুবৃত্তিতে জৈন দার্শনিক অনন্তবীর্য এইভাবে স্মৃতির যথার্থত্ব প্রতিষ্ঠা করেছেন। নৈয়ায়িক বলেন স্মৃতি অপ্রমা বা অযথার্থ জ্ঞান, কারণ যে অবস্থায় স্মৃতির বিষয়টি অনুভূত হ'য়েছিল, স্মৃতিকালে বর্তমান হিসাবে বিষয়ের সেই পূর্ব অবস্থা থাকে না। অনন্তবীর্য বলেন, এই যুক্তি সঠিক নয়। স্মৃতি অতীতকালীন অবস্থার বিষয়েরই জ্ঞান দেয়, ঐ বিষয়ের অতীতকালীন অবস্থার বর্তকালীনত্বের জ্ঞান দেয় না। আবার, স্মৃতিকালে অনুভবকালীন পূর্ব অবস্থার নিবৃত্তি হয় বলে স্মৃতি যদি অযথার্থ জ্ঞান বা অপ্রমা হয়, তবে প্রত্যক্ষজ্ঞানকালে বিষয়ের বর্তমানকালীন অবস্থা অতীতে থাকে না বলে প্রত্যক্ষজ্ঞানকে অপ্রমা বলতে হয়। আরও কথা, স্মৃতি যদি অযথার্থজ্ঞান হয়, তবে ব্যাপ্তির স্মৃতিজ্ঞান নির্ভর অনুমিতিকে অযথার্থ জ্ঞান বলতে হয়।

ন্যায়-বৈশেষিক দার্শনিক হ'য়েও বল্লাভাচার্য তাঁর ন্যায়লীলাবতীতে স্মৃতিকে প্রমা বলে স্বীকার করেছেন। তাঁর মতে স্মৃতি প্রমা, যেহেতু স্মৃতি হ'ল অর্থনিশ্চয়াত্মক বা ব্যবসায়াত্মক বা সর্বিবল্লক জ্ঞান (স্মৃতিরপি মানান্তরম। অর্থ নিশ্চয়হেতুহ্মাৎ।)। স্মৃতি অতীত বিষয়ের ব্যবসায়াত্মক জ্ঞান উৎপাদন করে। স্মৃতি অতীতবিষয়কে যথার্থভাবে উপস্থাপিত করে। বল্লাভাচার্যের মতেও স্মৃতিকে অপ্রমা বলা যায় না এই কারণে যে স্মৃতি পূর্ব অনুভবের অধীন। যে কোন প্রমা জ্ঞান উৎপত্তির জন্য কারণসামগ্রীর অধীন হয়। স্মৃতি পূর্ব অনুভবজন্য সংস্কার থেকে উৎপন্ন হয়, যেমন অনুমিতি পূর্ব জ্ঞাত ব্যাপ্তি সন্দ্বন্ধের সংস্কার থেকে উৎপন্ন হয়। অনুমিতি যদি প্রমা হয়, তবে স্মৃতিকেও প্রমা বলতে হবে। কোন কারণের অধীন হওয়া কোন জ্ঞানকে অপ্রমায় পরিণত করতে পারে না, তাহ'লে সমস্ত জ্ঞানকেই অপ্রমা বলতে হয়।

গদ্বেশ যে বলেন স্মৃতিজ্ঞান সর্বদাই বর্তমানকালবিষয়ক হয়, এমন কথা বল্লাভাচার্য স্বীকার করেন নি। অতীতকালীন অবস্থার দ্বারা বিশেষিত হ'য়ে 'সেই' এই বিশেষণের (তত্ত্বা) আকারে যে কোন বিষয়ই স্মৃতিজ্ঞানের বিষয় হয়, যে অবস্থা অতীতকালীন, সেই অবস্থার বর্তমানত্ব বিশেষণের দ্বারা বিশেষিত হয়ে বিষয়টি স্মৃতিজ্ঞানের বিষয় হয় না। স্মৃতিজ্ঞানের যথার্থতার জন্য অতীতকালীন অবস্থার বর্তকালীনত্বের আবশ্যিকতা নেই। প্রত্যক্ষের যথার্থতার জন্য প্রত্যক্ষকালে বিষয়ের বর্তমানতা এবং বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সন্নির্কর্ষ আবশ্যিক হয়। কিন্তু স্মৃতিজ্ঞানের উৎপত্তিতে অতীত অবস্থা বা তত্ত্বা বিশেষণের দ্বারা বিশেষিত বর্তমানকালীন বিষয়ের উপস্থিতির আবশ্যিকতা নেই। প্রত্যক্ষ অনুভবের দ্বারা বিষয়ের অতীতকালীন অবস্থার জ্ঞান হয় না, প্রত্যক্ষ অনুভবের পরবর্তীকালে উৎপন্ন স্মৃতির দ্বারা ই ঐ

অবস্থার জ্ঞান হয়। তবে অনেকসময় স্মৃতি সুস্পষ্টভাবে বিষয়ের তত্ত্বকে বা পূর্বকালীন অবস্থাকে উপস্থাপিত করতে পারে না, অনেক সময় স্মৃতি সুস্পষ্টভাবে বিষয়ের তত্ত্বকে উপস্থাপিত করে। এই কারণে কোন কোন স্মৃতি যথার্থ হয়, কোন কোন স্মৃতি অযথার্থ হয়।

বৈশেষিকমিশ্রিত ন্যায়দর্শনচিন্তার উপর বল্লাভাচার্যের ন্যায়লীলাবতী গ্রন্থের প্রভাব অপরিমিত বলে স্বীকার করা হয়। আমরাও দেখি পরবর্তীকালে বৈশেষিক মিশ্রিত ন্যায়দর্শনের গ্রন্থগুলিতে - যেমন বিশ্বনাথের ভাষ্যপরিচ্ছেদ- মুক্তাবলীতে বা অন্তঃভট্টের তর্কসংগ্রহদীপিকায় অপ্রমার বিভাগ হিসাবে স্মৃতির আলোচনা করতে গিয়ে এইসব গ্রন্থকার স্মৃতিকে - যথার্থ ও অযথার্থ - এই দুইভাগে বিভক্ত করেছেন। এই সব নৈয়ায়িক স্মৃতিজ্ঞানের যথার্থত্বকে স্বীকার করেছেন, কিন্তু স্মৃতিকে প্রমাপদবাচ্য বলে মানতে চান নি। কারণ মহর্ষি গৌতম স্মৃতির সাধন হিসাবে কোন পঞ্চম প্রমাণের উল্লেখ করেন নি ন্যায়সূত্রে। মুক্তাবলীকার বিশ্বনাথ 'তদ্বদ্বিশেষ্যকত্বে সতি তৎপ্রকারকং জ্ঞানং প্রমা' - এই প্রমালক্ষণের পরীক্ষা করতে গিয়ে একটি পূর্বপক্ষ এনেছেন। তদ্বদ্বিশেষ্যক তৎপ্রকারক জ্ঞান যদি প্রমা হয় তবে স্মৃতিকেও প্রমা বলা যায়। কারণ স্মৃতিজ্ঞান, যেমন 'সেই রজত' - এই জ্ঞানও তদ্বদ্বিশেষ্যক তৎপ্রকারক জ্ঞান। কিন্তু স্মৃতিকে প্রমা বললে স্মৃতির করণ যে অনুভব (ব্যাপারবদ্ অসাধারণ কারণই করণ নবামতে, সংস্কার এখানে ব্যাপার, আর সংস্কারের জনক অনুভব করণ), তাকেও প্রমাণ বলে স্বীকার করতে হয়। যেহেতু প্রমার করণ হ'ল প্রমাণ। এইরূপ পূর্বপক্ষীয় আশঙ্কার সমাধানে বিশ্বনাথ বলেছেন, তদ্বদ্বিশেষ্যক তৎপ্রকারক জ্ঞানকেই প্রমা বলতে হবে, এবং সেক্ষেত্রে যদি স্মৃতিকে প্রমা বলে স্বীকার করতে হয়, তাতে আপত্তির কিছু থাকে উচিত নয়। কিন্তু স্মৃতির করণ হিসেবে কোন প্রমাণকে স্বীকার করা নৈয়ায়িকের অভিপ্রেত হবে না। প্রমার করণই প্রমাণ নয়, যথার্থ অনুভব বা প্রমা-অনুভবের করণই প্রমাণ। সুতরাং প্রমাণের এই লক্ষণ অনুসারে স্মৃতির করণ অনুভবের প্রমাণত্ব নিবারণ করা যায়। আর চারটি প্রমা-অনুভবের করণ হিসাবে চারটি প্রমাণই মহর্ষি গৌতমের ন্যায়সূত্রে উল্লিখিত, এই কারণেই প্রমা-অনুভবের করণকেই প্রমাণ বলে স্বীকার করতে হবে, কেবল প্রমার করণকে প্রমাণ বলা সংগত হবে না। স্মৃতির করণ হিসাবে যে অনুভব, তা গৌতমের অভিপ্রেত ছিল না। তা যদি থাকত তবে "প্রত্যক্ষানুমানোপমান শব্দাঃ" এই সূত্রে তিনি সুস্পষ্টভাবে কেবলমাত্র চারটি প্রমাণ নিরূপণ করতেন না। সুতরাং বিশ্বনাথ সিদ্ধান্তে আসেন, তদ্বদ্বিশেষ্যক তৎপ্রকারক জ্ঞানরূপ প্রমার লক্ষণটি স্মৃতিতে প্রযুক্ত হ'লেও প্রমাণের লক্ষণ স্মৃতির করণ অনুভবে প্রযুক্ত হয় না বলে স্মৃতির করণকে প্রমাণ বলা যায় না। যথার্থজ্ঞানের প্রতিশব্দ যে প্রমা, স্মৃতি সেইরূপ প্রমা হ'তে পারে, কিন্তু প্রমাণজন্য জ্ঞান যে প্রমা, স্মৃতি সেইরূপ প্রমা নয় - মুক্তাবলীতে বিশ্বনাথের এই অভিপ্রায় উপরের ব্যাখ্যা থেকে স্পষ্ট হয়। (অথৈবং স্মৃতেৱপি প্রমাত্ত্বং স্যাৎ, ততঃ কিমিতি চেৎ, তথা সতি তৎকরণস্যপি প্রমাণান্তরত্বং স্যাদিতি চেৎ। যথার্থানুভবকরণস্যৈব প্রমাণত্বেন বিবক্ষিতত্বাৎ।)।

### সহায়ক গ্রন্থপঞ্জী

১. বাৎসায়ন : ন্যায়সূত্রভাষ্য ।
২. জয়ন্ত ভট্ট : ন্যায়মঞ্জরী ।
৩. বাচস্পতি মিশ্র : ন্যায়বার্তিকতাৎপর্যটীকা ।
৪. উদয়ন : ন্যায়বার্তিকতাৎপর্য টীকাপরিশুদ্ধি, ন্যায়কুসুমাজলি ।
৫. গঙ্গেশ উপাধ্যায় : তত্ত্বচিন্তামনি (প্রত্যক্ষখণ্ড) ।
৬. মথুরানাথ তর্কবাগীশ : তত্ত্বচিন্তামনি - প্রত্যক্ষখণ্ডের রহস্যটীকা ।
৭. বিশ্বনাথ ন্যায়পঞ্চানন : ভাষ্যপরিচ্ছেদ - সিদ্ধান্তমুক্তাবলী ।
৮. যোগেন্দ্রনাথ বাগচী : প্রাচীন ন্যায় ও প্রাচীন মীমাংসাদর্শন সম্মত প্রামাণ্যবাদ ।
৯. J.N. Mohanty : Gangesa's Theory of Truth.
১০. J.N. Sinha : Indian Epistemology of Perception.
১১. Stephen H. Phillips : : Gangesa  
On Characterising Veridical Awareness (annotated translation of  
pramāṅksanapūrvkapāṣa and pramāṅksana siddhānta ) in Journal of Indian Phi-  
losophy, Volume 21 No. 2, June 1993 (Kluwer Academic Publishers).
১২. পণ্ডিত বিশ্ববন্ধু ভট্টাচার্য : প্রমার লক্ষণ, যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রকাশিত রিসার্চ বুলেটিন অফ  
ফিলসফির বিশেষ সংখ্যায় প্রকাশিত, ১৯৮৪ ।
১৩. পণ্ডিত দীনেশচন্দ্র ভট্টাচার্য, শাক্তী : জ্ঞান, প্রমা ও প্রমাণ, তদেব ।
১৪. প্রবালকুমার সেন : মানমেয়োধয় - অবলম্বনে কলকাতা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের ছাত্রছাত্রীদের  
জন্য লিখিত প্রবন্ধাবলী ।

## OTHER JOURNALS PUBLISHED BY VIDYASAGAR UNIVERSITY

1. **Vidyasagar University Journal of Economics** (Journal of the Department of Economics with Rural Development)
2. **Politics and Society** (Journal of the Department of Political Science with Rural Administration)
3. **Vidyasagar University Journal of Commerce** (Journal of the Department of Commerce with Farm Management)
4. **Indian Journal of Geography and Environment** (Journal of the Department of Geography and Environment Management)
5. **Vidyasagar University Journal of Physical Science** (Journal of the Departments of Applied Mathematics with Oceanology and Computer Programming, Chemistry and Chemical Technology, and Physics and Techno-physics)
6. **Vidyasagar University Journal of Biological Sciences** (Journal of the Departments of Anthropology, Botany and Forestry, Human Physiology with Community Health and Zoology)
7. **Banla Vibhagiya Patrika** (Journal of the Department of Bengali)

---

**Last Volume of the Philosophy of the Life-World may be had from the Chief Editor by sending Rs. 30/- only.**

Papers in the Last Volume : Genesis of the Idea of the Life-World (S.K.Pal), Life-World and the crisis of Natural science (T.K.Sarkar), Phenomenology, the Life-World and Metaphysics (M.K. Bhadra), Hermeneutics and the Life-World (Krishna Roy), Philosophy and the Life-World : Some Reflections (S.P. Banerjee), Life-World and Cultures (N.S.S. Raman), Perception as the gateway to the lived World (K.K. Bagchi), Selection from The Crisis of European Sciences and Transcendental Phenomenology (Edmund Husserl).

# Philosophy and the Life-World

Vidyasagar University Journal of Philosophy

Unpublished papers, written either in English or in Bengali can be considered . Two clear copies of the MS should be submitted. The first page of the MS should contain author's name, article title and folio heading. The authors institutional affiliation should appear at the end of the article.

A brief abstract of paper must accompany each MS.

The suggested length of the article is about 10 to 20 typed pages (double space) including notes, references, etc. leaving a sufficient margin on all sides. Foot notes and references should be used sparingly, and typed in double space on a separate sheet. Diagrams, figures etc can be used provided they are a must . Unusual symbols should be identified in the margin and an alternative or equivalent symbol or sign should be provided if the one required is rare. The use of italics is to be indicated by single underlining, bold face by wavy underlining.

The words and/or citations from Sanskrit or any language other than English should be in Roman Script, fully italicized and with accurate standard diacritical marks.

Generally the Editors, with consultation and final opinion of the Advisory Editors, are able to reach a decision about the publication of any paper in three to four months, which is communicated to the author subsequently. Authors are requested to avoid needless correspondence.

---

Philosophy and the Life-World welcomes papers in all areas of Philosophy, History of Philosophy and Philosophy of Indian Origin. The thrust areas are Applied / Practical Philosophy and Indian Philosophy. It is interested in persistent, resolute inquiries into basic questions regardless of writer's affiliations.

---





